উদাসিনী।

প্রথম সর্গ।

Now nought was heard beneath the skies, The busy sounds of life were still, Save an unhappy lady's sighs.

Mickle.

ছান—কিন্তন-কানন। সময়—রাত্রি দ্বিপ্রর।

"একে ঘার অমানিশা,—অন্ধকারমন্তর,

মেঘেতে আছন তাহে নক্ষত্র নিচয়;

চঞ্চল দামিনী দল মাতিয়ে বেড়ায়,

ঝলনি পাছের আঁথি—জলদে মিশায়;

দিগন্ত ব্যাপিয়া ভক্ত—নীরব কানন,
প্রকৃতি প্রলবে যেন হয়েছে মগন!

নড়েনা পালব পত্র—স্তিমিত অবনি,

আপন চরণ-শব্দে চুম্কি আপনি!

বিভিন্নতা-পরিভ্রম্ট দব একাকার. অসীম আঁধার-দিকু ঘেরে চারিধার। চলিতে চরণ বাঁধে ত্রত্তি-বন্ধনে. আটকে সঙ্কীর্ণ পথ মহীকৃত্যণে। সহসা ও কি ও শুনি—রমণী-রোদ চমকে চকিত চিত্ত, চলে না চরণ। স্থগিত শোণিত-স্রোত, পরাণ শীহরে, কারে বা স্থধাই এই কানন ভিতরে ? অয়ি বনদেবি, শুভে। কোথা এ সময় 2 দেখা দিয়ে দূর কর কাতরের ভয়!" সহসা অর্ণাদেশ বিভাসি ললনা —যেন শত শত পূর্ণ শার্দচন্দ্রমা— মরাল গমনে দেবী আদিয়ে নিকটে, "শাস্ত হও পাত্তবর! ভেব'না শঙ্কটে।"— স্থামুখী স্থাভাষে আশাদি কহিল। পথিকের ভয়ভাব ক্রমশঃ ঘুচিল উপজিল কণ্ঠে শ্বাস, পরাণে পরাণ, শরীরে শোণিত পুনঃ হলো বহুমান।

সম্বেধি দেবীরে পাস্থ কহিল কাতরে,

"একি অবিচার, দেবি, কানন ভিতরে ?
ওই যে উঠিছে ধ্বনি, রমণী-রোদন,—
স্বর্গ মর্ত্ত্য রসাতল করি বিদারণ—
তুর্ভেদ্য ভূধর যাহে ভেদ হ'য়ে যায়,
পাষাণ হৃদয় তব ফাটে না কি তায় ?
কেমনে কানন মাঝে, কহ সীমন্তিনি!
স্থপের স্থমুপ্তি ভোগে যাপিছ যামিনী ?
মঙ্গল-স্বরূপা দেবি! বনে অধিষ্ঠান,
কেন গো কাননে তবে হেন অকল্যাণ ?"

অধোমুখী বনদেবী শুনিয়ে ভর্পন, রঞ্জিল সরম-রাগে পূর্ণেন্দু বদন। "চল পাছ" মৃত্র হাসি, কহেন স্থন্দরী, "যথায় রোদিছে বামা আপনা পাসরি।"

উজলি অরণ্য-দেশ বরণ-ছটায়, চলিলেন সীমন্তিনী; পাতায় পাতায় পড়েছে শিশির বিন্দু, তদীয় বিমল-দীপ্তিতে খদ্যোত-সম হইল উচ্ছল।

° উদ্ভক্ত থিলিগণ সহসানীরক. चांवे वीत कार्ट कार्ट नकारेन रद। निजीन। इति केल हमकिए। हांग, সভয়ে শার্দিল-রুদ্দ দূরান্তে পলায়; ধরাণায়ী জার্ণ পত্র করিছে মর্ম্মর. পাথা নাডা দেয় পাথি শাখার উপর কোকিল কুহরে কুহু, উষা ভাবি মনে, পাপিয়া পীয়ুষ স্লোত ঢালিছে স্ঘনে। লতিকা-বন্ধন বাধা ঠেলিয়ে চরণে. তুকরে পত্রব কাটি চলিল চুজনে। অস্কুর অগ্রসর হইয়ে উভয়ে, প্রচণ্ড পাবক শিখা হেরিল বিশ্বয়ে। আশক্ষায় উদ্ধিখাদে চলিল বিহুবলে, নি.বিড় গহনে যথা হুতাশন ছুলে। হার হার কি হেরিল দৃশ্য চমৎকার! অরণ্য গভীর-গর্ভে ওকি রে ব্যপার ! কহিতে সরে না কথা, চিত্ত চমকিত, নীরস রসনা **হলো দ**শনে জড়িত !

ক্ষণপরে কহে পান্থ দেবীরে কাতরে— "একি গো বিষম কাও বনের ভিতরে। ভই যে বিশা বামা, হের গো নানে, চিতানল জেলে, দেবি ! রোদিছে সহনে-কে রে বরাঙ্গনা :-- আহা কিমের লাগিয়ে--উচ্চৈঃসরে কাঁদিতেছে উন্মন্ত ইইয়ে গ বন অধিষ্ঠাত্রী তুমি, কহ গো কেমনে— চাহিয়া না দেখ, দেবি ! कि হতেছে খনে ?" অগ্রহার দীমন্তিনী, দভাপিত চিতে. সম্বোধি বালারে, সাধ্বী লাগিল কহিতে— "-একে ত নিশাথ কাল. তাহাতে জলদ জাল আবরণ করেছে আকাশে, কিছ নাহি দেখা যায়, নয়ন ঝলদি তায়, মাঝে মাঝে বিজ্ঞলি বিকাসে গ এ গভীর নিশাকালে, বিটপির অন্তরালে. জালিয়ে তুরন্ত চিতানল, कांत्र रामा अकांकिनी. चार्हनार छेमानिनी-বিদারিছ গগনমণ্ডল ?

হায় কোন অভাগার, গৃহ করি অন্ধকার, যোর বনে কেন গো স্থন্দরি! প্রভূত নিঃসরে শ্বাস, আলু থালু কেশ পাশ, कर्म क्षाय कक्षित लहति। কি শোকে অধৈর্য্য মানি, পদ্ম-পর্ণ দেহ খানি, দগ্ধ কর অনল শিখায় ? আরক্ত সুধাং শু মুখ, বালসি গিয়েছে বুক. অঞ্চলে আঞ্চন প্রতিভায় ?" এত বলি স্নেহ ভরে, ললনা-ললিত-করে, वनरम्वो मामरत धतिल। সরলা ফিরায়ে আঁথি. নিস্পান্দে চাহিয়ে থাকি. সকাতবে কহিতে লাগিল— "কেন কর নিবারণ ? মরিতে হয়েছে মন. জননি গো দিওনা ব্যাঘাত ৷ গুহে আর নাহি কায, জ্লন্ত অনলে আজ, করিব এ পাপ দেহ পাত। কহিতে কথা না কোটে, অন্তরে আগুন ওঠে:

হের, পতি চিতায় শ্যান !

কি সাধে আশ্রমী হব কি লয়ে সংসারে রব কি আশে বা রাখিব এ প্রাণ ! যার প্রেমে অনুরাগী, দর্বত্যাগী যার লাগি, সে যদি করিল পরিহার-যাক যাক দৰ যাব, দেহ পুড়ে হ'ক খাঁক, বাঁচিতে বাসনা কিলে আর ?" কহিতে কহিতে কথা, সরলা স্তবর্ণ-লতা, ছিন্নপ্রায় পড়িল ভূতলে 1 বনদেবী অঙ্কে ধরি, চিবুক চুম্বন করি, অশ্রে-ধারা মুছান অঞ্লে। কহিল পথিক বরে, "যাও পান্থ ত্রা ক'রে. সবোবরে করহ গমন ।" আত্তে ব্যত্তে পাহু ধীর, আনিয়ে সরসীনীর, সম্পাদিল বালার চেত্র॥ নলিনীন্যুন দ্বয়, ক্রমে বিক্সিত হয়, ক্রুমে ক্রমে জ্ঞানের উদয়। সাদরে অধর ধ'রে, মুতুল মুতুল স্বরে,

মাতৃস্লেহে বনদেবী কয়—

"তোলু বংসে আঁখি তোল, কি হয়েছে বল বল;

কে দিয়েছে মরমে এ বাথা?"

হৃদয়ে স্থাপিয়ে কর, বিনোদিনী পর পর,

আরম্ভিল আপনার কথা।

দ্বিতীয় সর্গ।

Lend to my woes a patient ear, And let me, if I may not find A friend to help, find one to hear.

Crabbe.

"সরলা আমার নাম, সুরধুনী তীরে ধাম, সহায়-সম্পদ-হীন জনক ছহিতা।
অভাগী ভূমিষ্ঠকালে, মাতারে প্রাদিল কালে, তাইগো আজন্ম আমি পিতারি পালিতা॥
কক্টে স্ফে দিন যায়, ভিক্লাম জীবিকা তায়;
পরিধেয় পরিত্যক্ত, চীর পরিধান।
পর্ণ কুটীরেতে বাস, তাও জীর্ণ বারমাস, বড়ে জলে কোন কালে নাহি পরিত্রাণ॥
শুনেছি লোকের মুখে, জনক ছিলেন সুখে, ধনে দানে সর্বর্ধ গুণে, সন্মানে আছিল।
অরাতি আল্লীয়চয়, উপেক্ষিয়ে ধর্মাভয়, জনকের সমুদ্য় সম্পত্তি শোষিল॥

>

একদ আখিন মাদে, মুন্টান্ন ভিকার আশে, ভ্রমিলাম দ্বারে দারে সমস্ত নগর। চতৰ্দ্ধ বৰ্ষ দবে, বয়দ আমার তবে; গতিশক্তি হীন পিতা পীডায় কাতর। নির্থি ছুদ্দিন অতি, ভাবিলাম, শীঘ্রগতি যা কিছ মিলিবে, আনি বাঁচাৰ জনকে। বহিছে উত্তর্বায় শীতে কম্পান্থিত কায়. কদ্দম সংযোগে পুনঃ চরণ আটকে। * যথা সাধ্য ভিক্লা করে, পথশ্রান্তি শান্তি তরে, বিশাল জাহ্নবীতীরে বসিত্র আসিয়ে। ললাটে দিঞ্জিয়ে জল, স্থাপতিত নিব্যাল, দেখিতে লাগিত গঙ্গা যায় প্রবাহিয়ে॥ সেবিয়ে সন্ধ্যার বায়, ক্রামে অবসন্ন প্রায়, শিথিল শ্রীর-গ্রন্থি নিদ্রার আবেশে, ক্রমতে নিদ্রায় মগ পুলিন প্রদেশে! কখন এদেছে বান. কিছুমাত্র নাহি জ্ঞান. হলম্বল মন্দাকিনী পারাবার প্রায় : কিছই জানি না আমি মগন নিদ্রায়:

ভাদায়ে নে গে'ল আদি দহদা আমারে,— সহসা ভাঙ্গিল ঘুম, হেরিকু প্রলয় ধুম, জীবন ভরদা আশা ডুবিল পাথারে॥ নিরুপায় ভেবে মনে, কাঁদিলাম প্রাণপণে, কি হ'ল কি হ'ল শব্দে গগণ প্ররিল I সহসা কে জানি না যে. আঁপ দিয়ে জল মাঝে. বীরদর্পে তীরে মোরে আনিয়ে তুলিল। পরে কি ঘটিল মম কিছু নাহি জ্ঞান; ক্রমশঃ চেতনা পেয়ে. চকিতে দেখিলু চেয়ে, তরুণ পুরুষ-অঙ্কে রয়েছি শয়ান! সরমে মুদিকু আঁখি. আবার চাহিয়ে থাকি, আবার সরমে আঁখি করিত্ব মুদিত। শশবাতে সমন্ত্রমে. সম্বরিক্ত প্রাণপণে শিথিল গলিত বাস, হইয়ে লজ্জিত॥ শুনিলাম কণপরে, মুতুমন্দ সুধান্তরে, সম্ভাষিয়ে যুবাবর কহিল আমায়।— 'সুন্দরি শ্রীঅঙ্গু তব, ব্যথিত রয়েছে সব, আকুল হতেছ মিছে অলীক লক্ষায়॥

আবার সরমে আমি মুদিসু নয়ান;
সর্বাঙ্গ-শোণিত রাশি, আস্ফালে হৃদয়ে আসি,
শুকাইল কণ্ঠতালু ঢাকিসু বয়ান;
আবার সরমে আমি মুদিসু নয়ান।

নহনা পিতার কথা উদিল অন্তরে; আধা বাধা দূরে গে'ল, সহসা শকতি এল, সহসা সাহসী হয়ে কহিন্তু কাতরে !— यारे चामि घटत यारे, त्रा जनटकत हैं। हे, আমা লাগি কি যাতনা পেতেছেন তিনি; ভিখারি পিতার আমি ভিখারি নন্দিনী! কৈছিয়া সম্বরে উঠি চাহিলাম যেতে, ष्मानि धतिरत्न कत, কহিল যুবকবর, 'কোথা যাবে একা বামা এ গভীর রেতে # একান্ত বাসনা যদি পিতৃ দরশনে, विश्वनारका अकार्किनी, श्रामा मरत्र मीमखिनि ! धगरशा नहेशा शहे जनक महरन। শাবার জড়তা বেন খাঁদিল কিরিয়ে।

সরমে কথা না সরে, উত্তর দিবার ভরে, অধোমুথে ধরাপানে রহিত্ব চাহিয়ে; আবার জডতা ষেন আদিল ফিরিয়ে। কে যেন ক্ষণেক পরে ধরিয়ে আমায়. সম্মতিসূচক-ভঙ্গি করালে মাথার॥ একেলা বা কেমনেই করিব গমন। গভীর নিশীথ তায়, মেদিনী মুমুর্ম্ প্রায়, জনশূন্য পথ ঘাট নীরব ভুবন; একেলা বা কেমনেই করিব গমন! অস্ট্ সম্ভ পেয়ে, আমা পানে কণ চেয়ে, কহিল যুবকবর অমিয়-বচনে.-'একি লজ্জা হরিণান্ধি! শশাঙ্কে করিয়া সাক্ষী, ক্ষমে মম মাথা তব রাখলো ললনে! জানি না কে যেন মাথা করিয়ে ধারণ. স্থবিশাল ক্ষমে তাঁর করালে স্থাপন। মাথা রাখি ক্ষপরে, যথাসাধ্য ত্বরা ক'রে, চলিমু তাঁহার সঙ্গে জনক সদনে। অবসন্ন কলেবর, বাতাসে করিয়ে ভর,

অতি ধীরে আধ আধ মুদিত-নয়নে; চলিফু তাঁহার সঙ্গে জনক-সদনে॥ व्यायादत कृषित-बादत तांशिदत व्यापदत, অদৃশ্য হলেন যুবা তিমির-সাগরে। প্রবেশি কুটীর-দেশে, হায় কি দেখিকু এদে, মৃতকল্প পিতা মুম শ্যান শ্যায়: তিলমাত্র নাহি ছল, খড় বেয়ে পড়ে জল, হ্রন্থ-শিথ দীপ-শিথা নিবু নিবু প্রায়॥ জনক আছিল স্তব্ধ, শুনিয়ে চরণ-শব্দ, আমারে উদ্দেশ করি কাতরে কহিল. মাঝে মাঝে দীর্ঘশাস বহিতে লাগিল !---'এ কেমন বিবেচনা, সরলে ! তোমার; এ গভীর রাত্রি দেখে. আমারে একেলা রেখে, কেমনে নিশ্চিন্ত ছিলে, জননি আমার! এদ বৎদে ! বুকে ধরি, শরীর শীতল করি, এ পোড়া শরীর যদি কভু শীতলয়; **क्यां** विषय वृक, प्रा कल अक्ट्रेक, विषय विकारत बाहा ! ना जानि कि इत्र !

কি কৰ্ষ্ণে যে গেছে দিন কেমনে কছিব. कल कल ७८० कात्र, व्यक्तिक प्रम थात्र. মনে হলো জাহ্নবীর জলে বাঁপি দিব !-কি কন্টে যে গেছে দিন কেমনে কহিব। हा क्रम्मि! পाशलिमी शाशामी इहेर्य. না দেখিলে যে তোমায়, জিয়ন্তেও মৃতপ্রায়, কেমনে আছিলে মাগো তাহারে ভুলিয়ে।' মরমে পাইয়া ব্যথা, না ফুরাতে তাঁর কথা, মন্তক হৃদয়ে তাঁর করিয়ে স্থাপন. नियद छिकान ताथि. अकल युष्टिया अाँथि, কহিন্দু তাঁহার কাছে সব বিবরণ। সমাপ্ত না হতে কথা, দৈব বলে বলী যথা. উৰ্দ্ধকণ্ঠে পিতা মম কছিল তথ্য-'मत्राल मत्राल ७८त. वल (क वाँ हार्रिल তोर्डि. কে আনিয়ে দিল ঘোরে তোমা হারা ধন ? হে শশাস্ক, হে আদিত্য আলোক-আলয়! व्यादका यनि र्'र श्वाक गगरन छन्त्र : হে জাহ্নবি জগমাত " আরাধ্যে ধরায়,

আজো যদি দেবশক্তি থাকে মা তোমায়; অমি দিগঙ্গনাগণ ৷ মাত বস্তম্ভারে ! वित्रकीयी कत्र मर्टर, वित्रकीयी कत्र मर्टर, সরলারে ভিক্ষা আজ যে দিল আমারে ! চিরজীবি কর সবে,'— বলিতে বলিতে তবে, অবসম হয়ে পিতা শ্যায় পডিল !-ক্রমে ক্রমে স্বরভঙ্গ, ক্রমেতে শিথিল অঙ্গ, करमा वार्त वार्त वारि निः निक्त युनिल। হইল শীতলতর. ক্রমে ক্রমে কলেবর, ক্রমেতে বরণ-ছটা ভস্মেতে লুকায়; কেনরে হৃদয় স্তব্ধ, নাহি ধুক ধুক শব্দ. * কইরে নিশ্বাস-বায়ু, মিশাল কোথায় ? তোল পিতা মাথা তোল, কি বলিবে বল বল, কহিতে আমারো স্বর হইল পতন। তোল পিতা মাথা তোল, कि विलाद वल वल. কেনরে নিস্তন্ধ পিতা হইল এখন ? क्तित्र महना यम क्षमञ्ज छात्रिल ! क्न रता वाकारताय, · क्न द्न रता ताय.

আকাশ ভাঙ্গিয়া যেন মাথায় পডিল। विक्रत अनुष्ठे मम, अलागिनी जामा नम, ত্রিজগতে কে বা আছে, বলে দে পামার! হা তাত ! কি ভাবি মনে, ত্যক্সিয়ে বিজন বনে, व्यागात काशात नित्त्र ठिनित्न क्वाथात ! ক্রমে ক্রমে চারি ধার, হেরি ঘোর অন্ধকার. ক্রমে ক্রমে অচৈতন্য, তিরোহিত জ্ঞান: পুনরায় জ্ঞানোদয়ে, দেখিকু বিশায় হয়ে. সেই যুবা সেই অক্ষে রয়েছি শয়ান। কে যেন গো ক্ষণপরে, সুধীর সুধার স্থরে, কহিল আকাশ হতে প্রবণে আমার.— 'সুন্দরি সুস্থিরা হও, তোমার সুরেন্দ্রে লও, এই যে শ্বরেন্দ্র তব ভাবনা কি আর।' সহসা भक्छि यन महर मकातिल, জানি না যে কি দাহদে, কি ভাবের পরবদে, অপূর্ব্ব আশ্বাসে যেন অঙ্গ শিহরিল। আমারে করিয়ে শান্ত, স্থরেক্ত ছদয়কান্ত, বসনে আবরি মৃত জনকে আমার,

আপনি বাহক হয়ে, একেলা ক্ষত্ৰেতে লয়ে, গেলেন জাহ্নৰী তীরে করিতে সংকার # मिथिए पिथिए हाला मृष्टित वाहित. শত ধারে প্রবাহিল নয়নের শীর। হা তাত। কি হলো বলে, পড়িমু ধরণীতলে, महात्माद्य व्यवनव त्रस्त्रि भवान। জানি না যে কডক্ষণে প্রকাশিল জ্ঞান।।" বিবরিতে বিবরণ, বালা প্রায় অচেতন, আৰ মোদা আঁখি ছটা বেন রে নিদ্রায়। वनामवी थारवाधित्य, व्यक्ष्मवाता निवर्णित्य, **বিঞ্চিয়ে সর্কী-বারি শান্তিল বামার**।। বিনয় অমিয় স্বরে, কহিলেন স্নেছ ভরে, ঁ 'স্থন্দরি! সম্বর শোক কেঁদোনাকো আর। ७ कथा अन ना घटन, वल वल वज्ञानितन, পিছহীনা হলে পরে কি হলো ভোমার ?' नज्ञना इरेटब प्रिज्ञ, सूक्टिब नज्ञन-मीज्ञ, विषय जुनोर्च चान क्लिएस छस्त । शिद्ध चांत्रक्रिल श्नः निक विवत्र ।।

তৃতীয় সর্গ।

So many miseries have craz'd my voice, That my wee-wearied tongue is still and mute.

Shakespeare

"যে ভেলা নির্ভর ক'রে, ছুন্তর ভব সাগরে, জননি গো দিয়েছি সাঁতার।
সহসা ভাসায়ে জলে, অতল জলধি-তলে,
মগ্র হ'ল অদৃষ্টে আমার।।
চারিদিক শ্ন্যাকার, ধূ ধূ করে পারাবার,
হুতাশে হতাশ প্রাণ মন।
ভরত্বর বেশ ধরি, কল্পনা শক্রতা করি,
বিভীষিকা করে প্রদর্শন।।
কোন দিকে নাহি স্থল, গর্ভান্নে গভীর জল,
ভার্তনাদ শৃস্তেতে মিশায়।

মাত্রেতে অণুকণ, সঘনে শীহরে মন ভাবনায় ছিন্ন ভিন্ন প্রায়।। युद्रत्य बानि द'ल, काशीय त्य शिन इतन, কিছু তার নাহিক সন্ধান। শ্বরিতে দে দব কথা, উপজে দারুণ ব্যথা, হু হু করে হৃদয় পরাণ।। সহসা উদিল মনে, স্বৃত পিতা সংগোপনে, মৃত্যুকালে বলেন আমায়।— 'गतना, या जाबि य'तन, এकांख जनांश र'तन, কি হবে মা তোমার উপায়।। ७८त (त निर्कृत विधि, आंगांत मतला निधि, অভাগার অন্তরের ধন। কি তার কপালে আছে, দাঁড়াবে গে কার কাছে, কার কাছে করিবে ক্রন্সন।। কার মনে কত আছে, কেহ কিছু বলে পাছে, ভূচ্ছ করি কুবাক্য বলিবে। मां चामात चिमांनी, शांति शांति मूथ थानि, অঞ্জলে অমনি ভাদিবে॥'

খেদ সম্বরণ করি, আমারে অক্ষেতে ধরি, পিতা কত করিল ক্রন্সন। এখনো তা মনে হ'লে, অস্তরে আগুন ছলে, কেটে যায় পাষাণের মন॥ कन পরে স্থির হরে, পত্র একখানি লয়ে, রাখি মম অঞ্চল উপতে ৷ সন্তাপে উন্মন্ত সম, চুন্দ্রিয়ে অধর মম, किश्लिम श्रम श्रम श्रदत ॥--'অতুল ঐশ্বর্যাশালী, প্রতাপে কির্ণমালী, • মহাতেজা রাজা সুপ্রকাশ। মাতৃভূমি পরিহরি, তোমারে সঙ্গিনী করি. রাজ্যে যাঁর করিতেছি বাস-কোন যানা নাহি মানি, দিও ভারে পত্রথানি. मि' च जारह अमुस्के कि इत। নিতান্ত ভরুসা করি, পাধারে পাইবে তরী. অনাথারে মিলিৰে আপ্রয় # किस यनि ब्लान खान, इंकीस इंडीशा छान, অনাদ্র করে মহীপাল,

बंनित । बाक्री-बाल, बाँश मिछ क्षृहरत, ঘুচে যাবে সকল জঞ্চাল।।' পিতৃ-विद्यारगत शदत, हिलाम कीवरस मदत, धरे कथा छेमिल गातर्ग। ञ्चनकर्गा नाट्य नाती, यश्चित व्यांकाकाती, সহ তার ভেটিতু রাজনে॥ পত্তিক। পাইয়ে মম, जनक जननी नম, ताका जागी मनग्र जलात । - অন্তঃপুরে দেন স্থান, অলঙ্কার পরিধান, দাস দাসী পরিচর্য্যা তরে॥ यश्वि वाशिन वाशि, नामदत क्खनतानि, বাঁধিতেন কবরী বন্ধনে। দল্লেহে আপন করে, নবনীত আমা তরে, আনিতেন জননী-যতনে। ত্ৰিতে আমার মন, পুর-গীমন্তিনীগণ, সধী ভাবে করিত সোহাগ। কুমুম আনিত কেছ, চন্দনে মাধাত দেহ,

কেহ বা আনিত অসুরাগ ॥

তবুও গো কেন হায়, অনাহারে অনিক্রার হোত দিবা যামিনী যাপন। তর্ও অন্তর মম, রাবণের চিতাসম, কেন সদা হইত দহন ! **जबू** किरमज नागि, मर्कामारे मर्का जागी, गर्वमारे ह ह करत्र थान। লোকের সান্ধনা-কথা, কেবল বাড়াতো ব্যথা, আদরে লাঞ্চনা হতো জ্ঞান ॥---উত্তর কে দেবে আর, বিদারি ছাদরাগার, • দেখ দেবি ! উত্তর অন্ধিত। দেহে যে শোণিত বয়, তাও গো সুরেন্দ্রময়, প্রাণগাঁধা স্থরেন্দ্র সহিত ॥ श्चात ভाলবাসা-काँाम, अफ़िरम अन्नान काँाम, ছতাশে সহনে কাঁপে কায়। কি করি কোথায় যাই, কোথা তার দেখা পাই, ভেবে কিছু না পাই উপায় ! সুরেন্দ্র স্থরেন্দ্র ব'লে, ভাসিতাম অঞ্চললে, করিতাম অক্ট চিৎকার।

হালে যার মূর্ত্তি গাঁথা, ভিড়িয়ে গাভের পাতা, লিখিতাম আলেখ্য তাহার ॥ र्हितित वाचत्र-छत्न, विघरत विस्कृतत्न, মনে মনে কহিতাম ক্লোভে। কেন রে বিহণ সম, পাখা না হইল মম, **र्टरत यां**नि क्षमग्र-बङ्गरङ ॥ चटन चटन छेटर्र थान, अनुदारंग अधिकान, ছিড়ে কেলি মালতীর মালা। • ভূষণ ভূজক প্রায়, জ্বর জ্ব করে কায়, শিরে শিরে প্রকৃলিত ক্বালা॥ দিবলে ফাটিত বুক; শয়নেও নাহি সুখ, শয়াকণ হইত শয়ায়। এ পাশ ওপাশ করি, প্রভাতিত বিভাবরী, वितरहत दलक दालात ॥ কৰন বা শূন্য মনে, ভাবি বোদে একাননে, কোপা গেল জনক আমার। अक्किननी त्वरंश नश्चे, र क्नि क्षित्र क्षित्र क्षा চারিদিক হেরি শুন্যাকার ।

আবার ক্ষণেক পরে, শিহরি আহ্লাদভরে, প্রতিভাত স্থরেন্দ্র স্মরণে। আবার ক্ষণেক পরে, অবসম কলেবরে, স্থরেন্দ্র কোথায় ভাবি মনে॥

धकना यामिनी-यारग. वस्था विखाम खारग. আছে যবে হয়ে অচেতন। বিভাবরী দ্বিপ্রহর, পূর্ণিমার শশধর, শোভিতেছে বিমল-গগণ ॥ इ'रत्र डेमामिनी क्षात्र, डेमाम् व्यवन कात्र, কেলিবনে ভ্রমি একাকিনী। পরিমল মাখি গায়, মৃতু মন্দ বহে বায়, নাচাইয়ে ক্রীড়াকল্লোলিনী ॥ আঁচল লাগিয়ে গায়, বার বার করে যায়, গোলাপের শিশিব আসাব। काश्नितेत পाপ् शेखनि, निः भट्य প फ्टि श्रृति, উডে যায় অলি চারি ধার 🏾 गकताक कृत्न जातन, कथन छेजादा कातन.

অগুচ্ছ কুন্তলে দমীরণ।
প্রজাপতি উড়ে এসে, বসিছে কপোলদেশে,
কখন বা আটকে নয়ন ॥
আসিয়ে সরসীকূলে, বসিতু অশোকমূলে,
এলো থেলো পাগলিনী-বেশে।
নাথের প্রতিমাখানি, হৃদয়-মগুপে আনি,
পূজা করি প্রণয় আবেশে॥
দূর হতে ক্রমে ক্রমে, পশিল সমীর সনে,
প্রবণেতে সঙ্গীত লহরি।
স্বলক্ষণা গায় গান, সপ্রমে উঠিছে তান,
দশ দিক আকুলিত করি॥——

গীত।

কাডরে কডরে মার বিলাপিবি বল,
রে বউ-কথা-কও বিরলে বকুলে যিশি,
কাঁদিরাও লারামিশি,

বির্থ অবলে ভোর পড়িল কি জল ? ভবে কাঁদিরে কি কল ?

কে ভোর মানিনী—ভার কিসে এড মান,
রে বউ-কথা-কও ৷
প্রতিধানি কেবা ভোর, সেও হয়ে ভাবে ভোর,
করিছে রোদনে ভোর উত্তর প্রদান—
ভবু সে কেন রে মান !

আই কি প্রণয়—বিক্ প্রণয় ত্বায়,
রে রউ-কথা-কও!
যার তরে তব আঁখি, অহরহ বারে পাখি,
কই সে ত ভোমা পানে ফিরেও না চার,
ছি ছি প্রেম বাসনায়।

কি কল হইবে আর অরণ্যে রোদনে, রে বউ-কথা-কও। ভকশাবা ভেরাগিয়ে, প্রেমে জলাঞ্জলি দিয়ে, পাখা হুটী বিছাইরে উড়ে যা গগনে; কেন দহিস্ দহনে।

ৰাকুক সে মান লয়ে বে তোর মানিনী, রে বউ-কথা-কও। বেধি লা লে তোমা তরে, থেলে মরে কিলা মরে, मान (इट्ड श्रीण मारत इट्ड डेशामिनी--काँटम मिनम श्रीमिनी।

স্থলকণা সহচরী, উদ্যান উজ্জ্বল করি,
ক্রমে আসি বসে মম পাশে।

সাদরে সোহাগ ভরে, ধরিয়ে আমার করে,
কহিল মধুর মৃত্রভাষে।"

'কেন কাঁদ বিনোদিনি, যার তরে পাগলিনী,

কই তার পেলেম সন্ধান?

কি বাগিয়ে তবে আর, দেহ কর ছার খার, অকারণে দহিছ পরাণ ∎

কারনিক উপছায়া, তাহে দখি এত মায়া,
তিনিলে হাসিবে ঘরে পরে।

ভোমার এ ঘোর ভ্রান্তি, কিসে যে হইবে শান্তি, ভেবে কিছু না পাই অন্তরে॥

কহিতে উপজে হাসি, হেরে যার রূপরাশি, রাজপুত্র পাগলের প্রায়।

কেন রে নয়ন তার, অল্রুপূর্ণ অনিবার, ভাৰনায় জীর্ণ শীর্ণ কায় #

সর্বগুণে অমুপম, রূপেতে কন্দর্প সম, যুবরাজ, তোমার লাগিয়ে। অহরহ অবিশ্রাম, কেবল সরলা নাম, উচ্চারেন নির্জ্জনে বসিয়ে। রাখ দখি মম কথা, ঘুচিবে দকল ব্যথা, বিবাহে সম্মতি কর দান। রাজপুত্র-বধু হবে, অসীম ঐশ্বর্য্যে রবে, দেবেন্দ্রের ইব্রাণী সমান ॥ "কেমনে থাকিব সুথে, কহিলাম নত্ৰ মুখে:-কিদে বল সুখী হব আর। যার তরে তুনয়ন, ঝরিতেছে অনুক্ষণ, সে যদি করিল পরিহার॥ রাজপুত্র-বধু হব, অসীম ঐশ্বর্য্যে রব, ও কথা তুলনা আমা কাছে। **७ (य जनक**न कथा, यहित खूरतस्य यथा, সরলার স্থরেন্দ্র ত আছে ॥ রাজপুত্র-বধূ হব, অদীম ঐশর্য্যে রব, ছি ছি আর বলনা আমায়।

कि इत्य रिक्ट नरम, कि काम हैस्तानी इतम, অনন্ত সৌভাগ্য কেবা চায়॥ বরঞ্জ ভিক্ষার তরে, নগরের ঘরে ঘরে, ফিরিব গো ভিখারিণী বেশে। বরঞ্ যোগিনী হয়ে, অক্ষ কমণ্ডলু লয়ে, পর্যটিব অরণ্য প্রদেশে ॥ অনাহারে অনিদ্রায়, বরঞ্চ ত্যজিব কায়. শিন্ধ-তীরে রহিব শয়ান। শকুনি গৃধিনা রাশি, করিবে সকলে আসি, সরলার অন্ত্যেষ্টি বিধান।। তবুও থাকিতে প্রাণ, প্রণয়ের অপমান, কথন হবে না সুলক্ষণে। ষার প্রেমে অন্মরাগী, সর্ব্বত্যাগী যার লাগি, বাঁচিব মরিব তারি সনে ॥ মনসিজ যিনি ঠাম, অলকা ঐশ্বর্য্য ধাম. প্রণয়ের কি ধার তা ধারে। वाशीन वागन्नी मन, यात व्याप निम्नान, পারে কি ভাহারে ছলিবারে।।

যাও দখি কিরে যাও, আমারে কাঁদিতে দাও,
কাঁদাই কপালে যদি আছে।

এ পোড়া অদৃষ্ট মম, ছুফ দাবানল দম,
স্পার্শিবে থাকিলে ভুমি কাছে।
ভানিয়ে আমার কথা, অন্তরে পাইয়ে ব্যথা,
স্থলকণা করিল গমন।

আবার মুদিয়ে আঁখি, নাথেরে হৃদয়ে রাখি, প্রেমে অশ্রু করি বিসর্জ্জন॥

সহসা দেখিমু চেয়ে, হেরিমু চকিত হরে; কে যেন গো দাঁড়ায়ে পিছনে।

সহসা ভাবনা ভন্ত, সভয়ে শিহরে অক্স,

জিজ্ঞাসিমু অক্ষুট বচনে—
কে ভূমি, কি ভাবি মনে, প্রবেশিলে উপবনে,

কারেই বা কর অন্বেষণ।

পুরুষেতে নাহি পারে, এ উদ্যানে আসিবারে
আছে তাহে রাজার বারণ ।

দেহ মোরে পরিচয়, অস্তরে পেয়েছি ভয়, একা আমি অবলা বিজনে ॥ ना कुतांट वाक्यावनी, 'मत्रतन मत्रतन' वनि, কর তুটী ধরেন যতনে॥ यधु याथा वहनारख, हिनिलाय প्रांगकारख, অভিমানে উথলে অন্তর। চির চুখ উঠে মনে, অশ্রু-স্রোত ছুনয়নে, শতধারে বহে খরতর 🛭 চেতনা বিগত প্রায়, হীন বল হ'লো কায়, নাহি হয় নিশ্বাস পতন। শরীরের রক্ত রাশি, তরঙ্গে হৃদয়ে আসি. এই মাত্র জীবিত লক্ষণ ॥ কোথায় ছিলাম কা, কার সঙ্গে হ'লো দেখা, * কিছুমাত্র জ্ঞান নাহি হয়। মহীপাল মহীয়সি, গ্রাহ তারা রবি শশী, সব যেন পাইয়াছে লয়। কিছু যেন নাহি আর, চারি দিক শৃষ্টাকার, वायतारे जीयस पुजरन। তাহাও জানি না ঠিক্, রয়েছি কি বাস্তবিক,

আত্ম সত্ত্ব নাহি আসে মনে 🔭

গোহানের অভিযানে, ত্রিয়মাণ কার প্রানে, बरिनाम शुरुनिका थाइ। चात्रक व्यनतामत्त्र, कारन च्रथात्र चात्र, 'সরলে কি ডাজিলে আমায় ?' গলে গেল অভিমান, অন্থির হইল প্রাণ, কহিলাম কাতরে তাঁহায়— এমন জীবন-নাশা, ছলনার ভালবাসা, কহ নাথ শিখিলে কোথায় ? गयां ना रूट कथा, निमारवर्त्र रख वथा. প্রহর বাজিল পশে কাণে। चयनि रहेरत्र जल, थानकान मनवाल. विनाय ठाट्य गम स्थान ॥ 'अ कि थिएत शत्रमाम, विधाला गांधिन बाम, वक्त नम शहद वाकिन। शियार छ नितर छ थात्र. थीरत शीरत चर्छ बाह्र " पूर्विपिक शिन्तु देव बश्चियं । শার ত নাহিক রাতি, মলিন জোনাক-ভাতি, ামীর শীতলতর বয়।

ণাপিয়া প্রভাতি যায়, শামা ওই শীম দ্যার कनद्रात करम केथलद । वहि खर ध्यामि रत ! शूनः प्रयो रत किरव, विस्ताहिनि कुन मा शामात्र । মহরহ অবিলাম, কপিব সরলা নাৰ, যত জিল থাকিৰ ধরার ঃ' বন্ত হতে জীত্রভর, হাদি বিদারণকর. थारे नम चलाबीत कारना হলেৰ ভঞ্জিত প্ৰায়, বাক্য নাহি বাহিরার, হিরদুটে চাহি পুরুপানে । उपारेण अधायत, श्रीन-गळि करणवह, प्रनामान बालाबाति करत्र। क्रमाद्ध बाँबि व्यक्ति, जुनीर्व निषांत द কহিলাৰ অৰ্থ্যুট-মারে 🛊 क्षानि क्रानि वय छात्रा, यूथ नाहि क्रान कारत, সাথেতে কে বেন সাধে বাদ। আপাও করি না মনে, আপার বাহিত ধনে, शांदर कान बढ़े शतबात व

হারালের পিতা মাতা, পর হলো অন্নদাতা, বাচিতে বাসনা নাহি আর। नितिथित ७ वमन, मित्र गरत ना मन, কত আশা আসমে আবার 🗷 यथा श्रांत्का न्यूर्थ (शरका, व्यक्षीनीरत मतन दाद्या. मिथ नाथ जुला ना जायात्र। श (त थान कात, नतना-नर्कन्य-धत. म्मार्व चांक मतला विजाय ! আর না সরিত্ত ভাষ, পুর্বাদিক পরকাশ, करम करम पृष्ठिल जावात । প্রভাত হইল বলে, প্রাণকান্ত গেল চলে, গেল চলে স্থারেক্ত কামার।।

চতুর্থ সর্গ।

To have seen what I have seen, to see what I see.

Shakepear

আবাদে আসিয়া শেষে শুইনু শব্যায়, ভাবিতে ভাবিতে ক্রমে মগনা নিদ্রায়। দেখিমু স্থপন এক অতি ভয়ঙ্কর, এখনো স্মরিলে দেবি। কাঁপে কলেবর धकांकिनी (यन चांमि छत्नी लहेता. যেতেছি যামিনীযোগে জাহুবী বাহিয়ে। মৃত্যুদ্দ বহিতেছে মলয়ের বায়, থীরি ধীরি চলে তরী রাজহংস প্রায়। श्रुवन हिल्लारल भांल यन यन ७८%. ছোট ছোট চেউগুলি চুলে ঢুলে পড়ে। कन कन करत जन मृद्द छना यात्र, बून बून नए बाज़ बाला कर्ड जा

गरगा जारूवी काचा राजा जन মকুল পাথারে তরী হতেছে মগন नम् नम् नमीत्रन वरह महारवरश, উত্তাল তরঙ্গ-দল ওঠে বেন রেগে ৷ উভয়ে তুমুল যুদ্ধ উন্মন্ত হইয়ে, প্রতিঘাত শব্দে যায় ব্যোম বিদারিয়ে। ছিম ভিম হলো তরী ছিম ভিম পা'ল, ছিড়ে গেল দড়াদড়ি ভেঙ্গে গেল হা'ল। क्रायाज श्रेष जड़ी युक्ति जनम, चलन कनिध-लल हरेन मर्गन। আৰার সাগর-ঝড় মিসালো কোথায়, সহসা ভূধর-শূঙ্গে হেরি আপনায়। অনস্ত তুষার-রাশি ব্যাপে চারিধার, रय मिरक कित्रिया ठारे भूरमत जाकात। আবার কোথার শুঙ্গ হলো অন্তর্ধ্যান, जन्मूटब विद्वारक प्रिचि नन्मन छेन्।। धरेक्रां निक्षा यारे व्यवास भयात्र, মুগক্ষণা আসি লেবে জাগালে আমার

'আৰু সৰি এত যুৰ কিনের কাসিং कथन भित्राद्ध दाच त्राखि त्नाहारेदत रमान रमान चौथि छुछ त्राजा ताला छात्र. यायिनी कि क्टिंग रगटह प्रात्वत विखात ? নিবারি খুমের বোর শুন বিবরণ, ना जानि कि शत्रमाम घटिए असन । पिथारब्रिक्टिन स्व रेगर-अन्न वि बामारत, অভিত শঙ্কর-মূর্ত্তি বাহার মাঝারে। বলেছিল,—মাডা তব সন্তান কারণে, গিয়াছিল যৰে সূব ভীর্ণ দর্শনে. হরিবার তীর্থে ভাঁরে হোগী এক জন দিরাছিল দে স্বস্তুরি করিতে হারণ, অঙ্গুরি অনেতে ধরি জননী ভোষায় তোমারে প্রসৰি স্থি ত্যক্তির সংসার সেই সে অন্ধরিয়ুক্ত বুবা এক জান मनारन विवरक बात ज्ञाक बातिशहर । चमनि चांछन-चरत छेडिन् एतात. স্থৰ ভালিয়া দেব পঞ্জিন বাধাৰ

লাকাশে কি ভূবে লাছি কিছু বাহি জান रंगमाय छल्दि-गछि त्यथारन यथान । চরন্ত চন্তর পথ তবু না ক্রার, শক্রতা করিরে বেন বেড়ে বেড়ে বায় উপনীত অবশেষে মুলানে আলিয়ে, অসু আভরণ সব সিরেছে খসিরে। कर्श्वारम कर्श्वताथ बांका नांदि गरतः অনৰ্গল অৰ্থাৰা বাৰ বাৰ বাৰে 1 আর কি কহিব দেবি। হৃদর পাষাণ, তাই সে হল না তবে ভেঙ্গে খান খান। कन्नि ! जनना नट्य विश्वित जांस्नाम, (मशिकु चानका मुके वर्त्वर ध्यान । नक नक बाजनक क्टब ठाविशास. নাথের বিবঃ-মূর্ত্তি তাহার মাঝারে। আবদ্ধ যুগল কর নিগড় বন্ধনে, मृत मृत करत करा विनाय नकरन । डाराज ना मित्र जना केई केई चारन, ফ্ৰত আদিলাৰ বাৰকুৰাৰ ৰ

धतिरत ठत्रण ठाँत कतिरत्र स्तामन्द মুক্তকণ্ঠে কহিলাম বিদারি গ্রাম-দেহ দেহ প্রাণ দান, ভূপতি কুমার ! नवना कीवन बका कि कतित चाता धरे किया पर पर !--विता विताल प्रिलम क्यांत त्यांत्र धत्री हरेट ।-কহিল কাতর স্বরে—'কহ গো সরলা. কিসের লাগিয়ে এত হয়েছ বিহবলা। বলিলাম—রাজপুত্র আত্মীর আমার, না জানে চাতুরী-ছল কুটিল ব্যাভার, मा जामि कि जनतार्थ जनतांथी क'रत, নে যায় মশানে তারে বধিবার তরে। 'ঘোর অপরাধে ধনি' কহিল কুমার. 'অপরাধী হইয়াছে আত্মীয় তোমার। ना कानि त्म कि माहत्म हहेए धरीत. निर्मिरवारम উन्नाष्ट्रमा छेमान लाहीक बहोशांन कोड़ांत्ररण कत्रिल टार्सन, चित्रक चन्द्र नट्ट, उक्दूबब (

ভাল ভাল অপরাধ ক্ষমিব তাহার,
জননী সমকে যদি করলো স্বীকার—
বাঁধিবে আমারে তুমি বিবাহ বন্ধনে,
বদিবে আমার দনে রাজদিংহাদনে ।
অগত্যা করিত্ব সত্য ; নৃপতি কুমার—
দ্ত মুধে করিলেন ক্ষমার প্রচার ।
মুক্ত হলো প্রাণনাথ ভাবি মনে মনে,
হরবে সহাস হয়ে আসিত্ব ভবনে ।

श्रक्षम जर्ग ।

Soon as the letter trembling I unclose
That well-known name awakens all my woes;
Line after line, my gushing eyes overflow
Led through a sad variety of woe.

Pope.

"মহাধুম রাজ-গৃহে কিছুদিন পরে, অবাধে উল্লাস জ্রোত বহে ঘরে ঘরে। পুলকিত পুরবাসী আনন্দে বিহবল, অলম্ভতা হয়ে পথে চলে বামাদল t চাকিয়াছে রাজধানী লোহিত বসনে. কুমারের হবে বিয়ে সরলার সনে। মহোৎসবে নভস্থল বিদারিত হয়, वाकीकरत बाक्रि करत ताक्रशानी यह । দেশ দেশান্তর হতে প্রাক্ষণ মণ্ডল, कत्र भरक दाकर्रोट अत्तर्भ गरुन। কত যায় কত আদে কে বা কত গণে. কুষারের হবে বিয়ে সর্বলার সৰে।

বাজার সহজ্ঞ খানা বলে পথে ঘাটে,
তরঙ্গ সমান তাঁবু পড়িরাছে মাঠে।
আমন্ত্রিত রাজাদের গতি অবিরাম,
ত্রঙ্গ মাতকু-নাদে কেটে যায় কান।
মঙ্গল সুরজ্ঞ বাদ্য বাজিছে স্থনে,
কুমারের হবে বিরে সরলার সনে।

"মহিৰী আপনি আসি সাজালে আমায় কুন্তলে কৰৱী বাঁধি কল দেন তায়। অলরাগে সর্ব্ধ অল করেন রঞ্জিত, সুবর্ণ হীরকে দেহ করিয়া মণ্ডিত। কহিলেন 'সরলা মা দেখি এক বার, আজ হতে পুরলক্ষী তুমি গো আমার। রাজার নন্দিনী তুমি রাজবধ্ হবে, অন্তরে ধরেমা কুখ চরিতার্থ সৰে। পূর্ণ হলো মনস্কাম সার্থক জীবন, পুরেষ্ কোড়ে লয়ে করিব চুন্থন।' রাজার নন্দিনী আমি ?—কহিন্দু চমকে, জবাক্ হইলা রালী দাঁড়ান খমকে।

'ना-त्या या, यद्रणा नत्य द्राष्ट्राद निमनी, দীনের ছহিতা সে যে আজন্ম ছঃখিনী। আজন্ম কুটারে বাস জনকের সনে. আজন্ম ভিকার অমে পোষিত তজনে। मग्राक्टत पिटल मा-(शा कुःथिनीटत स्थान. তাই মা এখনো আছি ধরিয়ে পরাণ।' 'সরলে !' কহেন রাণী 'একি চমৎকার, আজো কি জান না তুমি তনয়া কাহার ' যে পত্ৰ জনক তব লিখিয়ে যতনে. স্থলক্ষণা হাতে দিয়ে পাঠান রাজনে i যে পত্র ভাষালে নৃপে নয়নের জলে, আজো কি সে পত্র তুমি দেখনি সরলে ; এই সেই পত্ৰ বাঁধা অঞ্লে আমার. পাঠে পরিচয় বংসে পাবে আপনার । ভরে ভরে পত্র-লয়ে খুলিমু যতনে, रुष्ठ श्रेष धत्र धत्र काशिन मद्यास । উৎकश्रेष एक क्रश्ने किन छेठावेन, আশানি উদিয় যন পড়িস্ লিখন

পতা।

চিনিলে চিনিডে মোরে পারিবে রাজন্, অরিলে পূর্বের কথা হইবে অরণ। নিকপারে মহারাজ, ভোষার চরণে মাজ, বিজয় বিদর্ভগতি লইল শরণ।

সরমে সরেনা কথা দিতে পরিচয়,
কত ভাবে আলোড়িত অভাগা ছদয়।
কত ভয় হয় মনে,
কত ধারা ছ্নয়নে,
না মানি বারণ বাবা অনর্গদ বয়।

বে দিন আমারে দেব ! হুরস্ক সোদর, রাজ্যচাত করি মোরে পীড়িল বিত্তর । অনাথা তিথারি বেশে, কিরিলাম দেশে দেশে, সঙ্গেডে কেবল মাত্র সরলা দোবর ॥

সময়ে সধ্যতা বারা করেছিল ভান,
অসময় দেখে সবে হ'ল স্বর্ধ্যার।
চিনেও চিনেনা কেহ, কারো বা মৌধিক জেহ,

* কেহু বা হুইলে দেখা ঢাকিড বয়ান।

प्रानिवाद पर गांदन क्याक्षीय विद् राज्य पानन द्वेत बाद मा (सथित) कांद्रित मञ्जर्कशान, हिंकिय बादाद कीन, गंकाद, गठीड गांर्ड (वह विज्ञास्ति ।

সেখেছি কেঁনেছি কত তুষেছি নিফুল, জেনেছি পিলাচে বাস করে তুমঞ্চল। মানুবের আবরণ, বিচরে রাক্সগণ, শিরার শিরার বহে জ্বলন্ত গরল।

আবার পড়িল মনে সরলা বালার,
ক্মেনে প্রমাদে কেলি লিও তনরার।
ক্মেনে বাঁখিরে হিলে, কার হাডে সমর্পিরে,
সংসার নরককুপে কেলিব ভাহার।

এই ভাবি ভব রাজ্যে করিলাল বাল, জন প্রাণী কেহ কিছু পেলে বা লাভাল। জনপদ পরিহরি, কুটির নির্মাণ করি, ডিক্টার নির্ভার করি বালি বার বাল । কড়ান্ত আমিরে এবে করিছে ডাড়না, কুরাল আয়ুর সংখ্যা ঘুচিল বস্ত্রণা। সমাপ্ত সংসার বাস, গলে বন্ধ কালপাপ, পূর্ব বলো এডাদিনে প্রক্ষর কামনা।

আসর সমর বেরি বরিব বিবাদে,

অন্তর প্রকৃত্ন কভু কভু প্রাণ কাঁদে।

সদা ইক্ষা ভুক্ত করা, বিবভরা বস্তন্তরা,

ইক্ষামত মুক্ত আজা সে কুটিল কাঁদে ।

রাজ-করে সরলারে করিতু অর্পণ,
রাখ রাখ, মার মার, যা ইচ্ছা এখন ৷
বলিতে বিষরে বুক, কখন স্থাধের মুখ,
তৈপাব হইতে বাছা করেনি দর্শন ঃ

নারিসু পড়িতে জার, হইসু জন্মির, ঝরিল বর্ষার জ্যোতে নয়নের নীর। ভেসে গেল পিড় পত্র, উদিল স্মরণে তপ্ত-স্বর্ণকান্তি সেই জনক রতনে। নিরশ্বি মহিবী মোরে ক্ষেন বিনরে, ক্রেন মা ছঃখের ধারা স্থাপের সময়ে? ভূপতিই আছে তব জনক সমান,
আমারে কর গো বংসে! মাতৃ সম জ্ঞান।
ভঙ্গ দিনে শুভক্ষণে পাইবে আবার,
স্থলর সুযোগ্য পতি কুমারে আমার।
ছি ছি মা সম্বর শোক, মুছ তুনয়ন,
যাও মা উৎসব গৃহে, সুস্থ হবে মন।
প্রণাম করিমু তাঁবে প্রণতি হইয়ে,
আশীর্বাদ করি রাণী গেলেন চলিয়ে।"

वर्छ नर्ग।

Look on a love that knows not to despair; But all unquenched is still my better part, Dwelling deep in my shut and silent heart,

Byron.

'জননী গো কিছুতেই তৃপ্তি নাহি মনে, নিষ্পেসিত ভগ্ন হৃদি ভাবনা দলনে। কি যে ভাবি কিছু তার নাহি জানি ছির, অথচ রাখিতে নারি নয়নের নীর ! অবিরল অনুর্গল স্রোত বহে যায়. থামালে থামে না মাগো আরো বাড়ে তায়। শূন্যময় দশদিক, স্পান্দহীন আঁখি, अकमु रके अक मत्न नमा क्रा शकि, উপবন অট্রালিকা তরু লতা সব. অস্পষ্ট আভাগ যাত্ৰ হয় অসুভৰ, শুন্যমার্গে স্থিত যেন লগ্ন গায় গায়, সরে সরে ক্রমে মবে দিগন্তে মিশার।

চলিতে শ্বলিত পদ যেন অস্থি হীন, অবিরাম অভাগিনী শ্যায় নিলীন। तमना अध्य एक एक जमूकन, ধক ধক্ জ্লে মাথে জ্লন্ত পাবন। শক্তি হীন ক্ষীণ তন্ম করে থর থর, কেন গো এমন করে প্রাণের ভিতর। প্রতি স্বাদে প্রাণ নাশে অশেষ যাতনা. তিলেক বিশ্রান্ত নহে তুরন্ত ভাবনা। শুন্যময় হৃদ্যের গভার গহ্বরে, ভলিছে প্রণয়-শিখা ভালাবার তরে। নিবালে নেবে না সে ত নিবিবার নয়. প্রলয় ঝড়েও মা গো অকপ্রিত রয় পরাধীনী বলে তায় আছে কি বিকার? হতাশে নিরাশ নহে অন্তর আমার। আগত উদাহ-নিশা;—হর্ষের তুফান উচ্ছাদে উথলে উঠি হয় বহমান।

আমোদে আগুণ জ্ঞান হোতেছে আমার, উৎসবে গরল গর্জে আলোকে আঁধার। সুলক্ষণা সহচরী বীণা ধরি করে,
গাইছে উৎসব-গীত স্বর্গন্তেদী-স্বরে।
উথলিয়ে প্রতিধানি উঠিছে সঘনে,
কেঁপে ওঠে রাজগৃহ যেন ভ্রুক্পনে।
কহিলাম সজনীরে, কেন স্থি আর,
বাড়াও আহুতি দিয়ে জ্বলন্ত অঙ্গার।
গাহলো গাহিতে যদি এতই উল্লাস,
লক্ষাবতী গানে পূর্ণ কর অভিলাষ।
সুলক্ষণা বীণাসহ মিলাইয়ে তান,
অমুরোধে আরম্ভিল লক্ষাবতী গান।—

গীত।

আজি কি হথের নিশি দেখে বা লো হন্দরি,
উথলে নিকুঞ্জ হতে সঙ্গীতের লহরি।
সাজিয়ে মোহন সাজে, স্থনীল অহর মাঝে,
সুবিছে শর্মারীকান্ত-পূর্ণিমার শর্মারী।

চিশাক ছাৰেলী চাক হের এই কুটেছে, বাৰবী ৰজিকা হুঁই কিবা শোভা ধরেছে ।। পরশে মূহল বায়, হরষে কম্পিত কায়, হেসে হেসে প্রোমারেশে চুলে চুলে পড়িছে ।।

প্রকৃতি প্রমোদবনে নেহারো লো সন্ধিনী,
প্রবাহে আনন্দ স্রোত—বরবার তৃটিনী।
বিকচ গোলাপ কলি, উড়ে তাহে বসে অলি,
ইন্দ্রিতে আহ্বানে তারে শেফালিকা' কামিনী।

একেলা একান্তে পোড়ে লজ্জাবতী ললনা, দবিষাদে সঙ্কৃতিত কেন আজ বল না । প্রোমসাধ তেরাগিরে, পাষাণে আঁটিয়ে ছিয়ে, উদাসিনী সম ধনী কেন মান বদনা।।

সুখন বেবিনে বল কিলে এত ভাবনা,
নরমে বাডনা কিবা প্রকাশিরে কর না ?
চাপিরে রাখিলে চুখ, পরিশেবে ফাটে বুক,
বিদরে অনল-সিরি কেব তা কি জান না ?

নৰ অনুমাণ ভারে হয়েছ কি মানিনি । মানেরো লক্ষ্প কিছু হেরি না ভো, ভাবিনী ? রাগের ঘোরাল ঘটা, ভাবে বন্ধ হাসি ছটা, কই সে মেষের মাঝে অক্রেরিত দামিনী।

তৰে বুঝি বিরহের আন্তরিক অনলে,
দহিছে পরাণ মন বুঝেনাকো সকলে।
মলিনা শ্রীকীনা তাই, উৎসবে আমোদ নাই,
অনাথিনী দীন ভাবে প'তে আছে বিরলে।

রে মত্ত অনিল ! ওর ছুঁরোনারে ছুঁরোনা,
জ্বালার উপরে জ্বালা দিওনা রে দিওনা ।
হাদি যার জ্বলে আছে, কথন ভাহার কাছে,
অনলে আহুতি দিতে কুতুহলে যেও না ।।

নীরবিলা সুলক্ষণা,—সজল নয়নে,
কহিলাম হেঁট মুখে সখীর সদনে !—
যে স্থালায় লক্ষাবতী আছে সখী স্থারে
লক্ষাবতী বিনে তাহা কি স্থানিবে পরে !

হয়তো আশার পথে কে সেধেছে বাদ. হয়তো প্রণয় সাধে ঘটেছে প্রমাদ 1 ভাল বেদে ভালবাদা পেলে না ফিরিয়ে. তাই বুঝি মরমেতে আছে লো মরিয়ে। क्रनग्न-शस्त्रतं मथी ज्ञात (य अनल, অলক্ষিত বলে তাহা নহে কি প্রবল। যাও সথা ও কথায় কায নাহি আর, একেলা বিরলে বসে কুর্ণদি একবার ! সুলক্ষণা গেল চলে আপনার মনে। গেলাম অদৃশ্যভাবে কৌতুক-কাননে। जाता (थरला श्रिक्षान, जाता (थरला तम्), এলো থেলো আভরণ, পাগলিনী বেশ। प्रिक् मत्रमीकृत्न जार्गात्कत गांग, অক্কিত রয়েছে দিব্য অক্ষরে তথায় ৷--

যে আশা খ্বর্ণলতা সাদরে সদত,
পালিয়াছি দরিভার সর্বব্যের মত—
অভাগা অদৃষ্টকলে, বজ্ঞ প্রহরণে বলে,
এত দিনে হলো তাহা সমূলে নিহত ।।

কি আশার আশে আর থাকিব আলরে,]
প্রানাদ ঘটেছে মম সরলা প্রণরে।
বিদীর্ণ ভূধর সম, ভেক্ষেছে হৃদর মম,
আর কি লাগিবে জোড়া এ পোড়া হৃদরে?

বাই তবৈ প্রেরসি রে ! জন্মের মতন,
অবাবে পশিব যথা বাবে হুনয়ন।
অরণ্যে বা হিমাচলে, অথবা জলমি-জলে,
উদাসীন যোগবেশে করিব ভ্রমণ।
——

উনাসীন যোগীবেশে, সরলা স্ক্রে ! ওরূপ করিব ধ্যান সর্বস্থ পাশরি । অমলা অমৃত ধাম, সরলা সরলা নাম, উদ্ধৃকণ্ঠে উচ্চারিব দিবস শর্মরী ।।

থাবার সে নাম প্রতিধানিত হইবে,
অর্গ মর্ভ রসাতলে নিজকে ভনিবে।
শাস্তমনে সে সময়, মুদিব নয়ন্ত্রয়,
সরলা সরলা নাম প্রবণে পশিবে।।

এইমাজ চিরখেদ রবে মম চিডে,
মনের সকল কথা নারিলু কহিতে !
ইহ জ্বো থাক্থাক, মরুমে মিশারে বাক্,
জ্বান্তরে দেখা হোলে কব, সুচরিতে!

যাই তবে প্রেয়িস রে ! জ্বের মতন,

যুরিব অদৃষ্ট চক্রে সমস্ত ভূবন ।

সোহাণের পতি লয়ে, থাক তুমি স্থাী হয়ে,

অভাগারে একেবারে হও বিশ্বরণ ॥

হেরিয়ে অন্ধিত পত্র হইলাম ধীর,
হৃদয়ে ভাবনা চক্র ক্রুমে হল স্থির।
শরীরে শকতি পুনঃ হইল উদয়,
স্থাতি শোণিত স্রোত পুনঃ শিরে বয়।
হিমাদ্রি প্রদেশে যথা হেমন্ত সময়,
তুষারে তটিনীকূল বদ্ধ হয়ে রয়।
প্রচণ্ড মার্ভণ্ড পুনঃ উদিলে অম্বরে,
নব বলে বলী নদী বহে বেগ ভরে।

হৃদয় প্রশান্ত হও উচিত বিধানে! একান্তই যাব আজ সুরেন্দ্র সন্ধানে। ধবল অচল হতে সিংহল অবধি, উল্লঙ্গি অরণ্য বন গিরি নদ নদী. ভ্ৰমিৰ যোগিনী বেশে ছাড়িব না আশ, হোক্ যদি ইথে হয় শরীর বিনাশ। মালতী ফুলের হার ফেলিমু ছিড়িয়া, অলঙ্কার আভরণ রাথিমু খুলিয়া। অগুচ্ছ করিয়া ফেঙ্গি কবরী বন্ধন, বারাণসী ত্যজি পরি মলিন বসন ৷ হোক্ যা হবার বলি উল্লব্জি প্রাচীর, স্বরেন্দ্র সন্ধানে দেবি হইমু বাহির।"

मर्थम मर्ग।

Nor art nor nature's hand can ease my grief,
Nothing but death, the wretch's last relief,
Then farewell youth, and all the joys that dwell
With youth and life; and life itself farewell!

Dryden.

"নানা দেশ নানা আম করি পর্য্যটন. নানা নদ নানা নদী করি অতিক্রম। অবশেষে এই দেশে ক্রমেতে আসিয়ে, এই যোর বনপ্রান্তে রহিন্ম বদিয়ে। বেলা তবে দ্বিপ্রহর,—নিদাঘ তপন गद्रारिय क्रिक्ट (यन अनल वर्षण। ভূতলে আগুণ ওঠে, অনিলে অনল, মনে হলো পুড়ে গেল পাপ ধরাতল। নাহিক শব্দের সাড়া অবনি আকাশে, निनौन विश्गकून निक निक वाटा। চলিতে চরণে মম শক্তি নাহি আর, ঢুলে ঢুলে পড়ি স্থমে দেহ তোলা ভার।

मूर्प मूर्प चारम चाँथि पृष्टि नाहि हत्न, শুখায়েছে কণ্ঠ তালু বুক যায় জ্ব'লে। অনর্গল ঘর্মবারি নদী বয়ে যায়, গেল গেল বুঝি প্রাণ নিদাঘের দায়। ক্রমে ক্রমে বন হ'তে আদে সারি সারি. দেখিলাম কতগুলি স্থকুমারী নারী। বনফুলে গাঁথা মালা ছলিছে গলায়, বঞ্চয়ে পথের শ্রম কথায় কথায়। আদিত্যে আটকি রাখে আঁচলের ধার. আশার উৎসাহে রাখি শরীরের ভার---অগ্রসরি সকাতরে জিজ্ঞাসি সবায়-কহ গোরমণীকুল! দেখেছ হেথায়— বিমল চন্দ্রমা-কান্তি যুবা এক জন, যোগী-বেশে এ প্রদেশে করিতে ভ্রমণ ? প্রবীণা রমণী এক করিল উত্তর. 'হ্যাগো হ্যা দেখিয়াছিলু বনের ভিতর-উদাসীন বেশধারী যুবা একজন, বিনিন্দিত যার রূপে রতি-বিমোহন-

অথচ উষার শশী বদনমগুল, বিশাল নয়নে তাঁর ঝরিতেছে জল। চাঁচর চিকুররাশি জলদের জাল, হতাদরে জটারূপে ঢেকেছে কপাল। গভীর প্রশান্তমূর্ত্তি, উন্মত্ত হইয়ে উচ্চৈঃস্বরে কাঁদে কত সরলা বলিয়ে।' চল চল লয়ে চল, কহিনু কাতরে, কোথা সেই উদাসীন দেখাও সত্বরে। কোথা দে নবীন-যোগী, সরলা-জীবন, পায় ধরি ল'য়ে চল যেখানে দে জন। 'ক্ষান্ত হও বিনোদিনি' কহিল প্রবীণা 'কোথা সে এখন আমি কিছুত জানি না। কাননের কোন্ ভাগে করিছে ভ্রমণ, সহসা কাহার সাধ্য করে নিরূপণ। বিশাল বিস্তৃত বন—সমুদ্র সমান, কোথায় এখন তার করিবে দন্ধান ? এদ গো নিবাদে মম অরণ্যের ধারে. পথের প্রভৃত প্রান্তি শান্তি করিবারে।

রোদ্রের রুদ্রতা হ্রাস হইবে যথন, মিলিয়া তোমার সনে ভ্রমিব কানন। একেলা বিজ্ঞাবনে পশিবে কেমনে অবাধে বিচরে তথা বন-জন্তগণে। কোথাও গরজে গর্বে শার্দ্দল সকল, কোথাও বা রোষমন্ত মহীষের দল । কোথাও গণ্ডারকুল বিলোড়িছে সর, কোথাও ফুঁসিছে কোপে ক্রুর অজাগর। কোমল শিরীষ ফুল কমনীয় কায়, কেমনে সহায় বিনে পশিবে তথায় ।' কিসের শিরীষ পুষ্প—কহিনু তাঁহারে, স্থারেন্দ্র সন্ধানে মাতঃ ! কি ভয় কাহারে ? मत्रापत ভয়ে चात हेला कि क्षम्य, সমুদ্রে শয়ান আমি শিশিরে কি ভয়? यारे यारे एहए माख धकाना यारेत, একালাই বনমাঝে নির্ভয়ে ভ্রমিব। यात्र याक् रेटब यनि यात्र পाপপ্राণ, धारकनारे स्रात्रस्त्रतं कतिव मद्यान।

উপেক্ষিয়ে প্রসূরোধ, অন্থির অন্তরে, একারিনী প্রবেশিস্থ মরণ্য ভিতরে। खंदर श्रमित भंदर साहे पित्क शाहे, गाहलाना कृतन कुदन लाभ दक्रा गाई। মহীষ গণ্ডার কত চেয়ে চেয়ে থাকে, शाशि**नी वित्य द्**षि हूँ ल ना श्रायादक । তম তম ক'রে দেবি ! দেখি চারি ধার-সহসা সাহস ভক্ত, আতক্ষে শিহরে অঞ্ শুনিলাম শকুনির অশুভ চিৎকার-छनिलाम भुशास्त्र श्रान्त निनाम, গুধিনীর ঘোররবে, আকুলিত বনে সরে, ভাবিলাম না জানি কি ঘটেছে প্রমান। থমকে দাঁড়ামু ভয়ে কেঁপে উঠে কাম, খ'দে বেন হৃৎপিও পড়িল ধরায়। সক্ষোচি রসনা যায় কণ্ঠের ভিতরে, नक नव धकाकाद्य कर्ष छ छ कद्य । चूतिरह स्मिनी स्न म्हा मूजन, ভরের বিভাষ ভরে, ভয়ক্তর কলেবরে,

বহুরপী বিভীষিক। করি নিরীকণ। ওই গো সাথেতে বুঝি কে সাধিল বাদ. নিশ্বাস আটকে রাখি, উবিণ পাতিয়া থাকি, যেথা হতে উঠিতেছে কঠোর নিশাদ । আধা বাধা না মানিয়ে সভয় অংহরে. ক্রতগতি সেই দিকে চলিত্র সত্তরে। শাখায় আঁচল বাৰে চোকে লাগে পাতা. কাঁটায় আটকে চুল, গতি রোধে তরুমূল, মহীরহ প্রতিঘাতে ফেটে যায় মাথা ? ভ্ৰুকেপ না করি তাহে দ্ৰুতগতি গিয়ে. আশার উচিত ফল পাইতু আদিয়ে— আর কি দেখিব দেবি !—ছঃখিনী কপালে অন্তভ ব্যতীত শুভ ঘটে কোনু কালে ? দেখিতু জননি ওগো! দেখিতু তথায়, মাকুষের অন্থিরাশি বিকাণ ধরায়। ভূতলে রয়েছে পড়ে হেরিছু আবার— সেই সৈ শক্ষ্মভূতি অঙ্গারি আমার। वर्गम्य देशेषा अक अमृत्त्र अफ़ित्क,

আগ্রহ সহিত তাহা খুলিফু তুলিয়ে। দেখিলাম চিত্রপট রয়েছে ভিতরে. সরলা পাপিনীমূর্ত্তি চিত্রিত উপরে। নিশ্চয় ঘৃচিয়া গেল সন্দেহ জঞ্জাল. নিশ্চয় বৃঝিন্তু মনে ভেঙ্গেছে কপাল। মা গো মা আমারে কেন ধরে রাখো আর. ওই দেথ চিতানল জেলেছি তাঁহার। যাই যাই জননি গো জন্মের মতন. স্বাহত চিত্তায় আজ্ব করিব শয়ন। কিসের যাতনা আর কিসের বিষাদ. অনলে মিটাব দেবি। জীবনের সাধ। স্থলন্ত গরলক্ও সংসার আগার, করিব করিব আজ স্থথে পরিহার। वाधिव नार्थात चाक विवाह वक्षरम. চিতায় কুমুম শ্যা ভৃষ্ণিব কুজনে। याव यनि—युद्रताख्य नाम ठाल याव, যমুনা-জাহ্নবী স্রোতে অনস্তে মিশাব। স্বার্থভরা পাপ ধরা স্বাকিবে পড়িয়ে,

হাসিতে হাসিতে স্নেহে, মিলিয়ে অভৈত দেহে ভাষিব ছ্যালোকসন্ম, বিশানে বসিয়ে। অবাধে ভুঞ্জিব উত্তে উদার অন্তরে. অনন্ত অমিয়রাশি প্রেমের নির্মার। (प्रेंथ एक्ट एक अनि. ध्येन. সরলা বিদায় লয় জন্মের মতন । স্থাথের সংসর্গে দেবি ! বিলম্ব কে করে. শুনগো স্থারেন্দ্র ওই ডাকিছে সাদরে।---তোরে রে ডাকিনী ধরা, কি ভয় আমার. সরলা শোণিত পান না ঘটিবে আর। যতই পারিস বাজা গঞ্জনার ঢোল. কলক্ষের কাল ডক্বা তুলিস তো তোল। রাক্ষসি ! বেঁধেছি সন আর না ডরাই, **এই দেখু সুরেচ্ছের সঙ্গে চলে বাই।"—** कथा ना बहेरक मात्र, शकीत गर्कान, চারিদিক আধারিয়ে, ত্লুত্ব বাধাইয়ে, श्रमग्र श्राद्यात्म सङ् छेठिम गगर्ग । भन भन कान अनुका कर्छात्र निर्दार्य,

উড়ায়ে নেযায় পৃথী মহারুদ্র রোবে। আকাশ ভাঙ্গিয়ে পড়ে বক্তের দাপোটে, আতঙ্কে মেদিনী যেন কেঁপে কেঁপে ওঠে। বিদ্যাত বিকাসে দীপ্তি ঝলকে ঝলকে, প্রকৃতির ছিম্মূর্ত্তি প্রকাশে পলকে। গাছে গাছে প্রতিঘাত শব্দ ভয়ঙ্কর, স্ফ্রিত অনলরাশি ছেয়েছে অম্বর। দড়ম্মড় মহীরুহ উপড়িয়ে পড়ে, উধাও আকাশে উদ্ধে ডাল পালা ওড়ে। লোটায় ভূতলে পড়ি বিহঙ্গ নিকরে, আর্ত্তনাদে বনদেশ আকুলিত করে। লণ্ড ভণ্ড চিতাকুণ্ড ব্লহ্ম পড়ে তায়. দিগন্তে আগুন রাশি উড়ে উড়ে ধায় ৷ ৰাঘে মুগে একদঙ্গে ছোটে উৰ্ব্বাংস, খোররোল গওগোল অবনী আকাশে। मन्नामग्री वन्द्रमयी जनमी यख्त

সরলারে অঙ্কদেশে, ভূলে লন স্নেহাবেসে.

তাড়ার সুজন পাস্থ বন্য পশুগণে ৷

কুজহুদে পাছ্বর কহে ক্ষণপরে.-'মহীতে মানব জন্ম সম্ভাপেরি তরে। नमछ ध्रानी धाम करत्रि खमन, তিলমাত্র কোন ঠাই, স্থাধের নিশানা নাই, কেবল ক্রন্দনধ্বনি বিদারে গগণ। বিধির এ বিধি দেবি ! বুঝে ওঠা ভার, নিয়তই হা হুতাশ, আহা উহু বারমাস, অবিচারে অত্যাচারে পূর্ণ এ সংসার। কেনই মানব সৃষ্টি করিল যতনে. কেনই পোড়ায় পুন হঃখের দহনে। অলীক বালক কাল, নহে বোধদয়, পশুর সদৃশ দেবি ! কিছুই তা নয়। যৌবনে জ্বলন্ত জালা দগ্ধ নিবারাতি. আপনিই আপনার তুর্জয় অরাতি। বৈষয়িক মুগতৃষ্ণা প্রোঢ়ে আবির্ভাব, নিরস্তর ঝালাপালা শান্তির অভাব। वार्षका विरवक वृद्धि मकलि विलग्न, ভগদেহ তেজো হীন ঘোর ভান্তিময়।

আবার অদৃষ্ট কেরে কত কের ঘটে, পদে পদে संधान यजाना महरहे। চিরদিন পরাধীন মানব নিকরে, মায়া ফাঁস নিৰন্ধন, আবদ্ধ শরীর মন. নিজ বশে নিশ্বাসিতে শক্তি নাহি ধরে। মানুষেই মানুষের অরাতি প্রধান, মুখে হাসি অহর্নিশ, অন্তরে উথলে বিষ. লঘু দোষে অহি সিংহে কলঙ্ক প্রদান। বাঁচিতে বাসনা তবে কিসে হবে আর, প্রোজ্জল অনল কুণ্ড নরক সংসার। কে চায় মানব জন্ম পুড়িবার তরে? যাক্ যাক জ্বলে যাক জরায়ু জঠরে। ছিঁড়ে যাক্ নিবে যাক্ গ্রন্থ তারাদল, পুড়ে ছার খার ছোক্ পাপ ভূমওল। वाशन वावारम स्मित ! यारे यारे हतन, কার গৌ বাসনা বাস করিতে অনলে।"

ক্রমেতে থামিল ঝড়,—সুস্থ ভূমগুল, ক্রমেতে অম্বরতল হইল নির্মাল। তরু লতা পুনঃ দবে স্থিরভাব ধরে, কুরঙ্গে বিবিধ রঙ্গে বিপিনে বিহরে। নব ভাবে পুনঃ ভবে সবে বিকাসিবে, বিহন্ত বিহন্ত্রী দনে, মিলি পুলকিত মনে, ললিত সঙ্গীতে পুনঃ মেদিনী মোহিবে। আবার পল্লব ছিন্ন পাদপ নিকরে-সহাস প্রকৃতি মাঝে, সাজিয়ে বিনোদ সাজে, লুটাবে ধরণী পরে ফলফুল ভরে। কিন্তুরে এ চিরপোড়া অদুটে আমার, चात्र कि मिलिटव ऋथ, ग्रूफ़ाटव विनीर्व त्क অজন্র অঞ্চর ন্রোত সুথাবে আবার ? व्यात कि श्रमुझ हत्क रहतिर धत्री,

नित्रिश नारक्य-इंग. इमार छे थन घरे, উথলিবে, শিহরিব পুলকে অমনি ? কত আর সয়ে রব ব'লে দে আমায়. গেল গেল ফেটে বুক, স্বস্তি নাহি একটক, क्लिए की वन मना क्लस कालाय। সকল ভর্মা আশা হয়েছে বিনাশ. ভাবিলে ভাবীর কথা, উঃ কি দারুণ ব্যথা, উপজে হৃদয় মাঝে করিতে প্রকাশ। ' মনেই মনের ত্রুংখ করিব গোপন, ওই শুন সরলা যে করিছে রোদন !--"কি হলো কি হলো দেবি কি হলো আমা; কইগো সে চিতাকুণ্ড চিহু নাহি তার। কেমনে সুরেন্দ্র সহ হইবে মিলন, কেমনে তাহার সনে, পশিব নক্ষন বনে, কেমনে ত্রিদিবধামে করিব গমন ?" "শান্ত হও শশিমুখি কি হবে রোদনে," কহিলেন বনদেবী কাতর-বচনে— "যা হবার হইয়াছে কি হবে তাহার,

এখনো মিলনপথ আছে গো তোমার। বিরাজে অদংখ্য তীর্থ অবনী ভিতরে. আইস আমার সনে. যাব তীর্থ দরশনে. দিদ্ধ হবে অভিলাষ যা আছে অন্তরে। পুষ্কর প্রয়াগে স্নান করিয়ে, ললনে, যাইব সকলে মিলে নৈমিষ কাননে। গোদাবরী সরস্বতী করিব দর্শন: পর্যাটীয়ে দারবতী, কুরুক্ষেত্রে যাব, সতি, যেখানেতে কুরুবংশ হইল নিধন। কামাখ্যায় কামদারে পুষ্পাঞ্জলি দিব. প্রবেশি সোণার কাশী, ল'য়ে বিলুদলরাশি, বিশ্বধাতা বিশ্বেশ্বর মহেশে পুজিব। সকলে একত্রে শেবে, যাইয়ে হিমাদ্রিদেশে, দেখিব গোমুখী-তীর্থ, সর্ববতীর্থময়, যেথা হ'তে মন্দাকিনী প্রবাহিত হয়। শান্ত হও, বিনোদিনি, কিসের বিষাদ. আপনি কমলাকান্ত পূরাবেন সাধ। আপনি পাৰ্ব্বতীপতি বাৎসল্য-বিধানে

বসাবেন সরলারে পতিসন্ধিধানে।"

"চল চল যাই তবে, তীর্থস্থানে যাবো সবে—"

কহিল সরলা সাধ্বী দীপ্ত অনুরাগে।

কুশাঙ্গীর ধরি কর, চলিলেন পান্থবর,
পথ দেখাইয়া দেবা যান আগে আগে॥

অ্ফুন সর্গ।

With eyes upraised, as one inspired,
Pale melancholy sat retired,
And from his wild sequestered seat
In notes by distance made more sweet,
Poured through the mellow horn his pensive soul.

Collins.

श्रीम-शिमालश् श्रीमण ।

দ্র হতে নভন্তলে ওই যায় দেখা,
অস্পষ্ট আভাসমাত্র জলদের রেখা।
ক্রমে ক্রমে গাঢ়তর, উচ্চতর হয়,
মহীরুহ-ধ্বজ মাথে সন্মুখে উদয়।
যতদূর চলে দৃষ্টি, ধবল আকার,
তুষারে তুষারময়—অনন্ত তুষার।
একি রে অন্তুত সৃষ্টি! দেখে লাগে ভয়,
হৃদয়ে শোণিতত্রোত স্তব্ধ হয়ে রয়।
উদ্ধে বা পশ্চিমে পূর্বে দিগন্ত প্রসারি,
অনন্তের প্রতিমূর্তি রয়েছে বিস্তারি ।
শৃদ্ধের উপরে শৃক্ষ বেড়ে বেড়ে যায়,

দেখিতে দেখিতে দৃষ্টি আকাশে মিশায়। নিবিড় নীরদজাল—ভেদ করি তায়, উঠেছে অচলরাজ কে জানে কোথায়! তুমিই কি হিমাচল—ওহে ধরাধর, তোমারি বিশাল যশে পূর্ণ চরাচর ? কছ ছে নগেন্দ্র ! তবে কিদের লাগিয়ে এখনো উন্নতশিরে আছ দাঁড়াইয়ে ? এত দেখে এত সয়ে—এ কি চমৎকার, সরমে আনত-মুখ হ'ল না তোমার। এই যে ভারতভূমি—বৈজয়ন্তধাম, আজন্ম তোমার পদে রয়েছে শয়ান— কেমনে পাষাণ! কহ কি চিন্তা চিন্তিয়ে, কি দশা হয়েছে তার দেখ না চাহিয়ে। এক দৃষ্টে চৌদ্দলোক কর দরশন, কহ তবে ভারতের সোভাগ্য-তপন— রয়েছে ডুবিয়ে কোথা ?—আহ্বানো তাহায়, ভারতের অমা-নিশা সহা নাহি যায়।

ওকি রে আবার শুনি ভীবণ গর্জন, স্বৰ্গ মৰ্ত্ত রসাতল করে বিদার্ণ। শৈলে শৈলে শৃঙ্গে শৃঙ্গে প্রতিধানি ছোটে, সরোবে পর্বত যেন গরজিয়ে ওঠে । কল্পনা! তোমার সাথে ভ্রমিতে ভ্রমিতে. কতরূপ অপরূপ দেখিতু চকিতে। চল চল लाउ यथा त्याम विमातिएक প্রবাহে প্রভূত জল ভূধর ভাঙ্গিয়ে। ক্ষিপোন্মত অস্বাশি,—তম-তেজোময়, বিক্রমে নিঃশেষি বাধা—ছরস্ত ছুর্জ্জয় ভঙ্কারি সরোধে পশে বস্থধার জোড়ে. চূর্ণ চূর্ণ হ'লে। গিরি তরঙ্গের তোড়ে। খণ্ড খণ্ড শৈলখণ্ড সঙ্গে সাথি ক'রে, ঘর্ঘর নির্ঘোধে অন্থ উচ্ছুদে অন্বরে। আবার মূষল-ধারে শিলার্স্তি হয়, শতেক যোজন বেডি শৈলখণ্ডময়। স্ফটিক ধবলাকার, ঘনফের্ণময়, ততুপরি ইন্দ্রধন্ম স্থিরভাবে রয়—

বেন রে ধুড়রাভাঙ্গে প্রমন্ত শব্দর—
ডুবাতে অতল-জলে বিশ্বচরাচর,—
উঠেছেন মন্ত হ'রে, শব্দরী সাদরে
হেমভুজে বাঁধি কণ্ঠ রেখেছেন ধরে !
ওই কি গোমুখী-তীর্থ, কহ গো ললনে !
ওই কি মহেশ-জটা ?—কীর্ত্তিত পুরাণে !

"এ কোথা আনিলে মাত:" কহিছে সরলা,
"ধরাধাম তেয়াগিয়ে, হিমাচলে আরোহিয়ে,
এ কোথা আনিলে মাতঃ! ভাবিয়ে বিহ্বলা।
প্রভুত নীহাররাশি ঘিরে চারিধার,
বহিছে শীতল-বায়, শরীর অশাড় প্রার,
চক্রদম ঘুরিতেছে মন্তক আমার।
জমাট বেঁধেছে দেহে ক্রধির-লহরি,
অথচ এ স্থেম্থান, ত্যজিতে সরে না প্রাণ,
মরিব এখানে, যদি একান্ডই মরি।
মনুষ্যের কোলাহল কোথায় এখন,

পাপ-হাসি খল খল, শঠতা চাতুরি ছল, সব যেন রসাতলে হয়েছে মগন। অবনীর সীমা-চক্র ওই দেখা যায়. নাবিয়ে নাৰিয়ে নভ মিসিছে তথায়।" "এদিকে চাহিয়ে দেখ, সরলা স্থন্দরি," কহিলেন বনদেবী, "খেতাম্ব লহরি— কেমন গাভীর মুখ করি বিদারণ, স্থলধারে জলধারা হতেছে বহন। ওই গো মহেশ-রমা জাহুবী, সরলে ! করিতে পাপীর গতি, শক্তিরপা স্রোতম্বতী, প্রবাহিত পুণ্যতোয়া অবনিমণ্ডলে ৷ কত দেশ কত গ্রাম পবিত্র করিয়ে. व्यदिनित्य वक्रमन, धित्रया त्याहिनी दिन, সাগর সঙ্গমে যান শতধা হইয়ে। মর্ভতে অলকাননা আপনি ঈশ্বরী. ञ्जरालां के मनाकिनी, त्यांकश्रम अमाग्रिनी, পাতালেতে ভোগবতী—পবিত্র লহরি। এস হে পথিকবর! গোমুখীর স্থানে,

সরলার হাত ধরি, চারিদিক লক্ষ্য করি, ধিরে ধিরে এস সাতে অতি সাবধানে।"

छे भनौं कृत्य मृद्य शामू श्री निकर्छ, পড়িছে প্রভূত জল, গিরি করে টলমল, নিষ্পীড়িত ধরাধর স্রোতের দাপটে। বাতচ্ছিন্ন লতা সম সরলা সুন্দরী, পড়িল মৃচ্ছিত হয়ে ভূধর উপরি। আশক্ষায় পাস্থবর দেবীরে ডাকিয়ে, कहिल्लन "त्रामात्र, अ कि त्रा क्षमां रहित সরলা পড়িল দেখ, মূর্চ্ছিত হইয়ে।" "শান্ত হও পাছবর" বনদেবী কয়, "এখনি হইবে পুনঃ জ্ঞানের উদয়। মৃচ্ছা যাবে অসম্ভব কি আছে তাহার, অবলা কোমলা বালা, তাহাতে মরম জালা, আরোহণে দেহ ভঙ্গ হয়েছে আবার— মৃচ্ছ 1 যাবে অসম্ভব কি আছে তাহার ! চল চল শীख याई वाति व्यानिवादत, मिक्टा मिलन-धांत, स्माटाष्ट्रक मतलांत,

চেতনা উদয় পুন হইবে সত্বরে। ওই যে কে পার্বতীয় গোমুখীর তলে. গভীর-ধেয়ানে মগ্ন, করে করে কুতলগ্ন, খবি ব্যোম-কেশ যেন কৈলাস-অচলে। চলহে ভাকিয়ে ওঁরে আনিয়ে হেথায়. কহিব করিতে রক্ষা সরলা বালায়।" চলিলেন বনদেবী পথিকের সাথে. উদয়-অচলে যেন অরুণ প্রভাতে। রঞ্জিত তুষাররাশি স্থবর্ণ-বরণে, শুভ্ৰ-কান্তি গঙ্গাজলে, কে দেখেছে কোনু স্থলে, ভাসিতেছে হেমোৎপল—অতুল ভুবনে। ঘাইতে যাইতে কাছে হেরিল উভয়ে, নবান তাপদবর, দাঁড়ায়ে ভূধরপর, করিছে গঙ্গার স্তব কতাঞ্জলি হ'য়ে। আকর্ণ-স্থারিতচক্ষে উদ্ধিদৃষ্টি ক'রে, 'মা' 'মা' ব'লে কত কথা কহে উচ্চৈঃস্বরে। অবিরল অশ্রুধারা নয়নে বারিছে, ভেদে যায় গণ্ডতল, ভেদে যায় বক্ষঃস্থল,

ভেসে ষায় পট্টবস্ত্র—ভূধর ভাসিছে।—

"পবিত্র-বাহিনী গঙ্গে, তরল রজত-অঙ্গে,
আবিত্রতা বিফুপদতলে।
তারিবারে বস্থুব্রা, পুণ্যতোয়া সরিবরা,
অবতীর্ণা অবনী-মগুলে॥
নমোনম ভাগীরথি, তুমি মা পরম-গতি,
সর্বতীর্থময়ী সুরেখরী।
সংসার-সংস্গা, মাতা, অনন্ত তুরন্ত ব্যথা,
তাহি মে ঘরায় কপা করি॥
জীবনের পরিণাম, তব পদে সঁপিলাম,
জননি গো ক'র না বঞ্চনা।
জ্যাশোধ কৃত্হলে, জুড়াব তোমার জলে,
এ জ্যের জ্বলন্ত যন্ত্রণা॥
স্থসাধ পরিহরি, আঘা বিসর্জন করি,
চরমে চরণে দিও স্থান।
তনয়ে তারিতে তার, জননী না নিলে, আর,
কার কাছে কাঁদিবে সন্তান॥"

অগ্রসরি বনদেবী কহিল কাতরে,

"কে তুমি, নবীনযোগি হিমাদ্রিশিখরে ?

স্থাবের যৌবনে ত্যজি সংসার-আশ্রম,

দশু কমগুলু ল'য়ে, বৈরাগ্যে দীক্ষিত হয়ে,

কি ভেবে কি ভাবে, শাস্ত ! এ দশা এখন ?"

करणक प्रतीत पिरक निष्प्रक-नग्रत চাহিয়ে রহিল যোগী; গভীর-নিস্বনে বহিতে লাগিল খাস, তুই চক্ষু দিয়ে খরজোতে অশ্রুধারা যায় প্রবাহিয়ে। উত্তর প্রদানে यक विकल हहेल. কঠেতেই কণ্ঠস্বর নিঃশব্দে মিশিল। রসনা দশনে লয়; বাক্য নাহি সরে. শুধুই অজঅ-বারি তুটি চক্ষে ঝরে। শমিলে মনের ব্যথা, স্ফ্রিলে মুখের কথা, বিগলিত বাষ্পবারি নিবারি যতনে, কহিল তাপদ অতি কাতর-কচনে— "আমার ছঃখের কথা থাকুক অন্তরে, কে তোমরা ছুইজন, কেন হেথা আগমন, অনন্ত-অভাগা আমি—কি কায আমারে।" যোগিরে কছেন দেবী মধুর বচনে— "অদুরে ভূধর-চুড়ে, মুর্চ্ছিতা রয়েছে প'ড়ে, नवीना ननना वाना अकना निर्कात। কেহ তার কাছে নাই, অনুরোধ করি ভাই,

রহিবে তথার গিয়ে রক্ষিতে তাহার,
জলপাত্র অবেষণে, যাই মোরা তুইজনে,
আনিয়ে অস্কিয় নীর শান্তিব বামার ।"
কহিলেন যোগিবর—"পাত্র অবেষণে,
নিশ্চিন্ত হইয়ে, মাতঃ! যাওগো তুজনে।
এই আমি চলিলাম ললনা নিকটে,
পেওনা অন্তরে ক্লেশ, নাহিক ভয়ের লেশ,
প্রাণান্তেও আমি তাঁরে রক্ষিব শঙ্কটে।"
চলিলেন বনদেবী পথিকের সনে,
আদিল তাপসবর সরলা রক্ষণে।

নব্য সূৰ্গ ।

My Madeline! sweet dreamer, lovely bride! Ah silver shrine, here will I take my rest— A famished pilgrim.

Keats.

এদিকে এদিকে হের, কল্পনাকুমারি!
মরি গো হৃদয়ে বাজে অনস্ত তুষার মাঝে,
মৃচির্ছতা রয়েছে ওই সরলা-স্থলরী।
কে যেন বরণকান্তি লয়ে গেছে হ'রে,
স্থাংশু নিরংশু তাই শঙ্কর-শিখরে।
সজল জ্লদনিভ কৃঞ্চিত কৃন্তল,
অবাধে অচলচুড়ে, এলায়ে রয়েছে প'ড়ে,
অগুচ্ছ অলকা-দামে ঢাকা গণ্ডম্থল।
কই সে অধর-রাগ—প্রবালের প্রভা—
বিরস বিবর্ণ এবে,—মধ্যান্তের জ্বা।
বিশাল নয়নদ্বর রয়েছে মৃদিত,

বক্ষোপরে বামহস্ত, দক্ষিণ, নিহারে ন্যস্ত, চরণে চরণ দগ্ধ,—বসনে জড়িত।
একি রে আবার নাকি পতির নিন্দায়,
অভিমানে দক্ষস্ততা ত্যেজেছেন কায়!

হেরি সে মৃচিছ ত-মৃত্তি সম্মুখে শয়ান, থমকে দাঁড়ায় যোগী—বিস্ময়ে অজ্ঞান, जिक मुरके शास्त्र जास्त्र निष्टान नश्रान, না সরে নিশ্বাস-বায়, দাঁড়ায়ে পুতলি প্রায়, চক্র সম স্বর্গ মর্ভ ঘুরিছে সঘনে। चारांत्र नज्ञन जूनि मर्फट्य नग्रन, পুনশ্চ চাহিয়া রয়, বিশায় বর্দ্ধিত হয়, ঝটিকার সিন্ধুসম বিলোড়িত মন— व्यावात नयन मूनि मर्फरत नम्न। আবার ক্লণেক পারে হইল বিহবল, নয়নে উপলে ওঠে গোমুখির জল। व्यभूक्त প্रভাবে क्रम वांधिल इत्र, मिर्हे क्लि कास्त्र न'रात, अ्व्रार्ड जेमाड ह'रात, यूक-कर्ल, छेई-कर्ल मरवाधिता कश-

"কে তুমি নবীনা বালা পর্বাত-শিখরে ?" क्रगेखक हाय भूनः करह छेटेकः यात्र-"যে কেন হও না তুমি,—মায়াবী—মানবী, রাক্ষদী-কিন্নরী কিন্তা স্বপনের ছবি-উপছায়া মায়া মাত্ৰ, যে কেন না হও, যেখানেই জন্ম তব যেখানেই রও. যে আশেই আসা তব—অভাগা ছলিতে, অথবা দ্বিগুণ শোক প্রবল করিতে. কিছতে কিছুতে আমি করিব না ভয় यथन मत्रलाक्त्य रहाइ छमग्र। ডাকিব তুষিব আমি সেই সে আদরে, তুসিব রাখিব আমি হৃদয়-উপরে, कामित कामित जामि याहे (यदा वटल) ভাসাব জীঅক তব নয়নের জলে ৷ गत्राल-गत्राल, यात्र गत्रना समाति ! হুরেন্দ্র-সর্বস্থধন, নারীকুলেশ্বরি-সরলে সরলে মম"—না কুরাতে সব, যুবার কঠের স্বর্কঠেতে নীরব।

রাখিলেন স্রলারে হৃদয় উপরে,
চূষেন অধর গাঢ়-প্রণয় আদরে।
টিলিল অচল যেন সেই অমুরাগে,
কাঁপিল প্রকৃতি সেই দ্বলস্ত সোহাগে।
সিহরিল স্বর্গধাম অপুর্ব্ব প্রভাবে,
স্তাধিল গঙ্গার স্রোত গদ গদ ভাবে।

সরলার মোহ ভঙ্গ হ'ল ক্রমে ক্রমে, **"জননী কোথায় ?" বলি ডাকিল স্থানে।** "একি মা মায়ের মায়া !—একেলা ফেলিয়ে काथां शर्यांनी इत्य शिल (भा इलिस्य !-ুকে তুমি হে পার্ব্বতীয়—মানব-আকার ? কে তুমি স্থরেন্দ্র-মূর্তি, স্থরেন্দ্র আমার ? সত্য করে বল বল পাইয়াছি ভয়. দলিতে বাসনা কেন দলিত হৃদয়। একেলা অবলা আমি অচল-শিখরে, মাতা নাই পিতা নাই যত্ন কেবা করে। আছিল সর্বস্থ-ধন স্থারেক্ত আমার, অভাগী-অদৃষ্ট গুণে সেও নাই আর।

ছেড়ে দাও, যাই আমি গোমুখীর তলে. ত্যজিব এ পাপপ্রাণ জাহ্নবীর জলে ৷ দ্যাও দ্যাও ছেডে দ্যাও" বলিতে বলিতে. অবসম হয়ে বালা পডিল ভূমিতে। আবার ভাঙ্গিল মোহ: দীপিত চেতনে সেই সে হ্রেন্ড-মূর্ত্তি দেখিল নয়নে। "সরলে সরলে, অয়ি শশাস্ক-বদনে !" উচ্চৈঃম্বরে কহে যুবা কাতর বচনে। "मत्रतन, मत्रतन व्यति ! स्मन स्मन वाँचि, হৃদয়ের ধন এদ হৃদয়েতে রাখি। কই গো দেখিবে এম, দিগাঙ্গণাগণ ! স্তরেন্দ্র পেয়েছে আজ সরলারতন। কোথার, জাহ্নবি ! যাও আপনার মনে, গরবেতে আগু পিছ, কটাক্ষ কর না কিছু, চলেছ উন্মন্ত হয়ে সাগরসঙ্গমে.— কোথায় বহিছ দেবি আপনার মনে! ক্ষণেক নিরস্ত হয়ে কর নিরীকণ, স্থরেন্দ্র পেয়েছে পুনঃ হারান রতন।

कहिएक कहिएक ठएक मिलन-लहती वहिल, विलल शूनः मतला ख्रमती-"সত্য কি স্থরেন্দ্র ভূমি, স্থরেন্দ্র আমার, व्यनाथिनी मत्रमात्र कीवन-वाधात्र। ना, ना, अश्रन मिति ! क्रेश्येनी मिथिएंग, উপহাস করো না মা ছলনা করিয়ে, জর্জারিত হাদি মম দেখ গো জননি, আজন্ম অভাগা আমি দীন কাঙ্গালিনী। ह्मना कतना—" आत कथा ना निश्चरत, আপন বক্ষেতে যুবা সরলারে ধ'রে, কৃহিল "হৃদ্ধি কত বিলাপিবে আর, সত্যই স্থরেন্দ্র আমি—স্থরেন্দ্র তোমার।" চকিতে इंश्ल मछी চমকে विख्तन, শাহদে করিয়ে ভর, বসিয়ে ভূধরপর. আরম্ভিল পুন বালা মুছি অঞ্জল— "प्रिये श्रातक यनि मधनतनात, करे त्म भक्त-मूर्खि-अन्ति आमात्र। অৰ্খ্য থাকিবে মনে, ্যে দিন তোমার সনে, বসিয়ে জাহুবীকূলে প্রদোষ সময়, নব অনুরাগভরে, দিলাম তোমার করে, দেই দে অঙ্গুরী মম—চন্দ্রকান্তিময়। বলেছিলে 'যত দিন রহিবে জীবন, কুযোদরি, এ অঙ্গুরী করিব ধারণ।' কোথা সে অঙ্গুরী বলো— ছলো না আমারে, হুরেন্দ্র কি সে অঙ্গুরী পাশরিতে পারে।" বলিয়ে ফেলিল সতী স্থদীর্ঘ নিশ্বাস, প্রণয়-আশ্বাদে যেন প্রলয়বাতাদ। ''শুনগো কমলারূপা সরলাস্তব্দরি!'' কহিল নবীন যোগী হৃদে তারে ধরি— "কহিতে সকল কথা বিদরে হৃদয়. রদনা নীরদ হয়, নেত্রে ধারা বয়। প্রণয়ে প্রমাদ গণি, তোমারে পাশরি, ধনি ! छेमात्रीनरवर्ग यरव जिम रमर्ग रमर्ग. কত নদী কত নদ, কত গিরি কত হ্রদ. অতিক্রমি পোঁছিলাম দারকার এসে। গভীর নিশীথকাল, অজানিত স্থান,

কিমর-কানন-প্রান্তে রহিত্ব শ্যান। সহসা পশিল কানে মহা ঘোর রোল, মদে মাতি দম্যদল করিছে কল্লোল। ক্রমে ক্রমে অগ্রসর হয়ে কাছে আসে, আলোকে ঝলকে অসি-বিহ্যাৎ বিকাদে। কেহ বা মদিরা-পাত্র তুলিয়ে তুকরে, নাচিতে নাচিতে আদে, অপরূপ হাদি হাদে, ঢ়লে ঢ়লে পড়ে, তরু স্থরাপান করে। মাভৈ মাভৈ শব্দ প্রতিধানি হয়, দক্ষয়ত্ত নাশে যেন মত্ত প্রেতচয় 1 वांचारत ना कति लक्क शिल मञ्जामल, ঝডের কল্লোল ক্রমে, অল্লে অল্লে উপশ্যে. আবার নিস্তব্ধভাব ধরে বনস্থল। ক্ষণপরে দেখিলাম দম্য কয়জন. কঠোর নিষ্ঠ্র অতি, অগ্রসরি ক্রতগতি, আসিয়ে তুকরে মোরে করিল ধারণ, কহিল বিকৃত খনে, 'ভাবিসনে মনে মনে, দলছাড়া ব'লে মোরা নিস্তারিব তোরে,

কি আছে কোথায় শী**ভ্র দেরে বার ক'রে।**' সম্পত্তি-কেবল মাত্র অঙ্গুরী তোমার, হৃদের রুধির সম, স্বর্ণ কোটা ছিল মম, সরলার শান্তমূর্ত্তি ভিতরে তাহার। সম্পত্তি আছিল আর রক্ষের বল্কল. সম্পত্তি, সরলাময় জীবন-সম্বল। প্রাণের পুতলি কোটা কাড়ি নিল বলে, করিন্ম তুমুল রণ, জীবন পর্যান্ত পণ, ক্রমে হয়ে অচেতন পড়িমু ভুতলে। ক্রমে ক্রমে মোহ ভঙ্গ হইল আমার, শ্রবণে পশিল আসি ভীষণ চিৎকার। দেখিতু বিশায় হয়ে, জনেক দহ্যারে লয়ে, বিকট শাৰ্দ্যল এক—বিজলি সমান, অরণ্যের গর্ভমুখে করিছে প্রয়াণ। জানি না কি হ'ল তার, দেখিতে দেখিতে, কাননের ঝোপে ঝাপে লুকালো চকিতে।" না ফ্রাতে, সরলার বদন মগুল, ঐশবিক অমুরাগে, দিখিল অপুর্বারাগে, সহসা ভয়ের কৃও হইল প্রোজ্জল।
সহসা বিজ্ঞাল-বিভা বিকাদে নয়নে,
সহসা দে ওঠাবর, হইল প্রফুল্লভর,
ফুটেছে গোলাপকলি দেখরে শাশানে।
"প্ররেদ্র প্ররেদ্র মম" বলিয়ে উন্মন্ত সম,
মৃচ্ছিতা হইয়া বালা পড়ে ভূমিতলে,
বনদেবী পাশ্বর, প্রকাশিয়ে ধরি কর,
চৈতন্ত্র করিল আসি গোমুখীর জলে।
ক্রেমে হ'লো জ্ঞানোদয়, আঁখি ছাট উন্মীলয়,
দেখিয়ে সহাস-কান্তি সরলাবদনে,
বনদেবী পাশ্বরর লুকালো ছজনে।

কল্পনা ! তোমার শক্তি কহিব কেমনে,
মোহিনী মায়ার বলে, আনিলে গো হিমাচলে,
দেখালে গোমুখী তীর্থ—পবিত্র ভুবনে ।
কোথায় ছিলাম একা, তোমা সঙ্গে হ'লো দেখা,
উদার মমতাগুণে সঙ্গে সাথি করে,
রঞ্জিত উমার রাগে, আদি মম আগে আগে.

চকিতে, চপলে ৷ কত দেখালে আমানে इन्ता राथात उरे गर्साक निथात. নভন্তল স্পর্শ করি. দাঁড়ায়ে কাননেশ্বরী, দীপ্ত যেন ধ্রুবতারা সায়াহ্ন-অম্বরে। দক্ষিণে দাঁডায়ে ওই পথিক স্কুন,— স্থির নেত্রে হেরে তাঁর পূর্ণেকুবদন। ওই শুন কি কহিছে বনদেবী সতী, ''হেরহে পথিকবর! যেখানে ভূধর পর, ভমিছে হুরেন্দ্র সনে সরলা যুবতী। অধরে মধুর হাসি, চমকে চপলা রাশি. উথলিছে হৃদে হৃদে প্রণয় উৎসব, পুর্বের দ্বংখের কথা, দারুণ বিরহ্ব্যথা, মিলন মহান স্থা ভুলেছে সে সব। এখনো কি মনে আছে, বলেছিলে আমা কাছে, অনন্ত গরলকুও নরকসংসার, স্ত্য কি তা জানিবারে, জিজ্ঞাসহ সরসারে, সংসার গরল কিন্তা অমৃত আগার। থাক থাক ওকথার নাহি প্রয়োজন,

धम भिरत क्रूडेजरन, मतला खरतस मरन. বিবাহ দিবার তরে করি আয়োজন। শুনিলেত সব কথা থাকি অন্তরালে. শুনিলে কেমন ক'রে, পড়িয়ে দহ্যার করে, কিন্নর-কাননে যুবা অঙ্গুরী হারালে। হতাশ্বাস হয়ে শেষে, পশিয়ে হিমাদ্রি দেশে, কিরপে তপস্বী-বেশে করিল ভ্রমণ, দেখিলে কেমন হ'ল সুখের মিলন। এসহে, পথিক! তবে, ডাকি দিগঙ্গনা সবে, मत्रना ऋरतरस्त वाधि विवाह वश्वत्त. ছন্মবেশ পাশরিয়ে, নিজমূর্ত্তি প্রকাশিয়ে, আপনি এ শুভ কায় সাধিব যতনে।"

मणग मर्ग।

For loe! the wished day is come at last,
That shall, for all the paynes and sorrows past,
Pay to her usury of long delight:
Then ever more Hymen, Hymen sing,
That all the woods them answer, and they eccho ring.

Spenser.

হের হের ওই দেখিতে দেখিতে
কি শোভা উদয় মেদিনী মাঝে,
বনদেবী ওই দেখরে চকিতে
রতিদেবী রূপে সমুখে রাজে।

সে শান্তমূরতি কোথায় লুকালো ?—
নয়ন শীতলে যেরূপ রাশি।
কোথা সে বরণ হুকোমল আলো ?
কোথা সে হুমূহু অমিয় হাদি ?

লক্ষীর প্রতিমা কোথা দে এখন !— ভকতি-রদে যা পুলকে তমু। যে ভাব হেরিলে ত্রন্ত মদন সভরে শিহরি পাশরে ধমু। একিরে আবার নৃতন ব্যাপার নৃতন প্রকার রূপের ছটা, শত শত শশী যেন একাকার পিছনে গভীর জলদ ঘটা।

নয়ন ঝলসে বরণের ভাসে অমিয় অধরে অমৃতক্ষরে, বিলাসলালস। নয়নে বিকাসে অলসগমন। রূপের ভরে।

চিকণ অঞ্জন ঘন কেশরাশি অবাধে লুটায় ধরণী পরে, বাঁকাইয়া গ্রীবা, মৃতু মৃতু হাসি অপাঙ্গে অঙ্গনা তাহাই হ্যারে।

মরি ম্রি কিবে মালতি মালিকা—
ছলে ছলে দোলে বিনোদ গলে,
ছলিছে কেমন কমলকলিকা
সমীর পরশে শ্রেবণতলে।

ফুলে ফুলে গাঁথা হাতের বলয়, পদ্মমালা গলে কেমন রীজে, বেল মুঁই জাতী কুস্থম-নিচয় তারকা ঝলকে কেশের মাঝে।

দেখিতে দেখিতে,—হের আচস্বিতে
অধীর পথিক মোহের ঘোরে,
দরম-বারণ পাশরিয়ে চিতে
প্রানারিয়ে ভুজ বামারে ধরে।

"ক্ষম অপরাধ, জীবন-রূপিণি!"
কহিল পথিক কাতর স্বরে,
"এত অভিমান সাজে কি মানিনি—
মদন-মোহিনি! মদন পরে।"

একি দেখি পুন নৃতন ব্যাপার, কল্পনা-কুমারি ! বলগো বল, কোথায় লুকালো পথিক-আকার, কোথা হ'তে স্মর উদয় হ'ল। ঝক ঝক জ্বলে বরণ বিমল,
ক্ষিত কাঞ্চন সোহাগে মাথা,
চল চল করে মুখ-শতদল
চুলু চুলু প্রেমে নয়ন বাঁকা।

ফুলের মালিকা শোভিতেছে মাথে
পিছনে শোভিছে ফুলের ভূণ,
ফুলে ফুলমায় শোভিতেছে হাতে
ফুলের ধমুক ফলের গুণ।

সহদা বদন্ত হইল উদয়, কোথা হ'তে সাড়া দিতেছে পিক, সমীর হুরভি মেথে মেথে বয়, আমোদে আকুল সকল দিক।

সরলা স্থরেন্দ্র, চকিত-নয়নে
চমকে নেহারে ভূধর-চূড়ে,
কোথা হোতে (দোহে ভাবিছে) কেমনে
উদিল মাধুরি ভূবন যুড়ে।

কহিল মদন, "কহলো স্থন্দরি! ত্রিদিব ত্যজিয়ে মেদিনী মাঝে, কিসের উদ্দেশে, বনদেবী-বেশে বিহরিছ বনে মলিন সাজে।

তোমারে, ললনে, না হেরি নয়নে কত যে যাতনা পেয়েছি প্রাণে, নানা বেশে ভ্রমি তোমার কারণে উপনীত এবে ধরণীধামে।"

ঈষৎ হাসিয়ে রূপনী তখন, (সরমে সরে না সকল কথা) কহিল "ভূলিতে পারি কি কখন দিয়েছ যে, নাথ, মরমে ব্যথা।

ভেবে দেখ দেখি পড়ে কিনা মনে—
মদন-উৎসব যে দিনে হয়,
স্থারপতি যবে স্থারগণ সনে
বিহারে নন্দন কানন্ময়।

গন্ধর্ব কিমর গান বাদ্যে যবে আকুলিত করে ত্রিদিব-ধাম, মেনকা উর্বাশী রম্ভা আদি সবে নাচিতে নাচিতে ধরিছে তান।

ভাকিয়ে তোমারে দেব দেব-রাজ
কহিলেন স্থর-সমাজ মাঝে,
'দেখিব, মদন, তব শক্তি আজ
কেমন ও ধনু তোমারে সাজে।—

ওই যে নীরস শুক্ষ তরুখান রয়েচে কোতৃক-পর্বতপরে, হা'ন হা'ন তাহে তব ফুল-বাণ, দেখিব ও বাণ কি গুণ ধরে।'

স্থরেশ-আদেশ পাইয়ে, স্বরিতে ধমুক টক্ষারি হানিলে বাণ, অমনি সহসা যেন আচন্দিতে সিহরি উঠিল পাদপথান। নবীন পল্লবে নবীন মাধুরী অঙ্কুরিত হ'লো নবীন ফুল, ত্রিদিবে বহিল স্থরভি-লহরি মধু লোভে ঝাঁকে ভ্রমরীকুল।

জড়ায়ে জড়ায়ে উঠিল উরদে,
মাধ্বীলতিকা—নয়নহরা,
নাচিল পল্লব সমীর-পরশে,
ফুটিল কুস্থম অমিয়-ভরা ৷

'জয়'-কোলাহল দিল দেবদল 'জয়-ফুলধনু' মিশিছে সঙ্গে, ধন্য-ধন্য-ধ্বনি হ'লো প্রতিধ্বনি, চৌদলোক যেন কাঁপে আতঙ্গে।

উল্লাদে ইন্দ্রাণী পারিজাত লয়ে পরিতোষ হেতু তোমারে দিল, অতুল যে ফুল অমর-আলয়ে ভাতু ভাদে যেন দিক উজিল। তিলোভ্রমা আদি বিনয় বচনে
করিয়েঁ আমারে স্তুতি মিনতি,
কুস্থম রতনে, আমার দদনে
মাগিল সুন্দরী কাতরে অতি।

তুমিত জানিতে—আশ্বাদিমু আমি, অথচ না জানি কি ভেবে হায়, রম্ভা আদি যবে, ওহে চিতগামি, চাহিলু দে কুল, দিলে হে তায়।

এই কি হে নাথ উচিত তোমার, এই কি হে নাথ প্রণয়-প্রথা, ভালবাসা হ'তে এই প্রতিকার, মরমে হানিলে মরম ব্যথা।

তিলোত্তমা কত কাঁদিল আদিয়ে এখনো স্মরিলে হৃদয়ে বাজে, অভিমানে তাঁই ত্রিদিব ত্যাজিয়ে আদিয়ে রহিন্থ অবনী-মাঝে। কোরেছি কোরেছি প্রতিজ্ঞা অন্তরে পাতাল পৃথিবী করি ভ্রমণ, দেই মত ফুল পাইলে, আদরে তুষিব ত্রিদিবে সখীর মন।''

"ছি ছি ছি ও কথা তুলনা, ললনা," কাতরে কহিল কুস্তমবাণ, "এই অপরাধে কেমনে বলনা অভিমানে এলে ধরণী-ধাম।

এই যে ধসুক দেথিছ, মানিনি ! কোন গুণ ইথে থাকে লো যদি, শত শত আজ পারিজাত জিনি তুষিব তোমার সথীর হৃদি।

চল চল চল, অতুলা রূপদি !
আঁধার রয়েছে অমুরাবতী,
ইন্দ্রাণী মুরজা মেনকা উর্বাণী
মলিনা সকলে বিহনে রতি।"

পুলকে শাহরে মদন-মোহিনী, ভার্মিল ভাঙ্গিল সাধের মান, দলকে দলকে বিকাদে দামিনী হান হান ক্ষরে নয়ন-বাণ।

অমিয় অধরে আধ আধ হাসি প্রসারিয়ে বাক্ত মদন-গলে, চল চল'' কহে নয়ন বিকাসি, "ক্ষণেক্ বিলম্ব ধরণীতলে।

সরলা স্থরেন্দ্রে এস নাথ আজ, বিবাহ-কুস্থম শিকলে বাঁধি, ত্রিভুবনময় এ তুর্লভ কাজ ঘোষিবে দানব দেবতা আদি।

পুরোহিত হ'য়ে তুমি নাথ আজি উৎসর্গ ক্রিবে সরলাবালা, প্রধানা সধবা নিজে আমি সাজি ধরিব মাথায় বরণ-ডালা। ভাকি ভাকি সব দিগঙ্গনাগণে, এয়ো সেজে তারা ফিরিবে এসে।" চাহি উদ্ধি-পানে ভাকে ততক্ষণে "আয় আয় তোরা মঙ্গল-বেশে ।—

আয় আয় তোরা দিগঙ্গনা দবে !
কুন্তমে ভরিয়ে কুন্তম-ডালা,
আয় আয় তোরা অবতরি ভবে,
গাঁথিয়ে চিকণ কুন্তম-মালা।

শুভক্ষণে আজ ভূধর-শিথরে সরলা হ্যরেন্দ্রে বিবাহ হবে, সধবা সাজিয়ে স্ত্রী-আচার তরে আয় আয় তোরা নাবিয়ে ভবে।"

ধীরে ধীরে ক্রমে দিগঙ্গনাদলে
নামিয়ে আদিল অচলপরে,
(ভারা থ'দে যেন পড়িল ভূতদে)
পারিজাত ভাদা ধরিয়ে করে।
১৪

চারিদিকে খেরি স্থরেজ্র স্রলে, সাতবার ক্রমে ফিরিয়ে যায়, হুলুধ্বনি দেয় মিলিয়ে সকলে, শুখারবে সবে মঙ্গল গায়।

হরষে সহাস হইয়ে মদন
শুভ সম্পুদান করিল পারে,
ঘন ঘন হ'ল ফুল-বরিষণ,
সঘনে শুভ-ধবনি সবে করে।

মদন-মোহিনী মৃতু মৃতু হাসি, স্বকরে ধরিয়ে বরণ-ডালা, করিয়ে বরণ সম্মুখেতে আসি, পারাইয়ে দিল কুস্থম মালা।

চুন্ধিয়ে সরলা-জীমুখ-মণ্ডল,
দূর্ববা অর্ধ্য ধান ধরিয়ে করে,
সম্মেহ বচনে—সরলা ললনে
আশীর্বাদ করে শ্রমীয় স্বরে—

"সরলা স্থনরি—আশীর্বাদ করি
আজন্ম সধবা থাকিয়ে ভবে—
স্থথে কাল হর, আনন্দে বিহর,
জননী সমান পালিয়ে সবে।

সন্তান সন্ততি, ল'য়ে গুণবতি, সোহাগিনী হ'য়ে পতি-সোহাগে, সুথে কাল হর, আনন্দে বিহর, কোমল হৃদয়ে ব্যথা না লাগে 1

রাজরাণী হ'য়ে, যশোরাশি ল'য়ে, সাবিত্রী-স্থনাম গোরবে ঢাকি, স্থথে কাল হর, আনদ্দে বিহর, পতিব্রতা দাম হৃদয়ে রাথি।"

সরলা স্থরেন্দ্র হরষিত হ'য়ে প্রণাম করিল ভকতি,ভরে, আনন্দ-প্রতিমা বিরাজে উভয়ে, আনন্দ লহরী, নয়নে ঝরে। হানিয়ে হানিয়ে দিগঙ্গনাগণে হুলুধ্বনি দেয় মিলিয়ে দবে, কুস্থম-আদার বর্ষি দঘনে, কাঁপায় গগণ উৎদব-রবে।

দেখিতে দেখিতে, স্বপন সমান,
চকিতে নে সব পাইল লয়,
বিস্ময়-বিপ্লবে হারা হ'য়ে জ্ঞান,
সরলা স্থারেন্দ্র চাহিয়ে রয়।—

मञ्जूर्।